# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Boishakh 10, 1433 Bangla, April 23, 2026, Thursday, No. 110, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has informed that government has formulated action plan for first 180 days and next 5 years to implement its election manifesto and steps have been taken to implement those. (R. Today: 19)

Tarique Rahman has said, his government has given utmost priority to recover laundered money from the country. (R. Today: 19)

Government has decided to distribute jute bags and uniforms to primary school students in every upazila across the country. (BBC: 08)

Information and Broadcasting Minister Zahir Uddin Swapon has called for an effective assistance from UNESCO to prevent spreading of misinformation in Bangladesh. (Jago FM: 14)

An accused has been arrested for first time after 10 years in murder case of Sohagi Jahan Tonu, killed in Cumilla cantonment area. (DW: 12)

Traders inform that production capacity of Bangladesh's export-oriented ready-made garment factories has decreased significantly due to power and energy crisis. (BBC: 04)

Traders have sought permission from government to keep shops open from noon till late at night before Eid-ul-Adha. (Jago FM: 12)

BSF has arrested two Bangladeshi teenagers on charges of illegally entering India through border in Panchagarh. (BBC: 08)

Iranian Foreign Ministry has said, the country will take necessary and appropriate measures to protect its national interests and security. (BBC: 07)

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048**<br>**44813179** | **Assistant News Controller: 44813047**<br>**44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১০, বাংলা ১৪৩৩, এপ্রিল ২৩, ২০২৬, বৃহস্পতিবার, নং- ১১০, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, নির্বাচনী ইশতেহারে ঘোষিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে সরকারের প্রথম ১৮০ দিন এবং আগামী ৫ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং তা বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়েছে। (রে. টুডে: ১৯)

তারেক রহমান বলেছেন, বিদেশে পাচারকৃত অর্থ পুনরুদ্ধারে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে সরকার। (জাগো এফএম: ১৯)

বাংলাদেশের প্রতিটি উপজেলায় প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে পাটের তৈরি ব্যাগ ও স্কুলের পোশাক বিতরণ করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। (বিবিসি: ০৮)

অপতথ্য প্রতিরোধে ইউনেস্কোর সহযোগিতা কামনা করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। (জাগো এফএম: ১৪)

কুমিল্লার সেনানিবাস এলাকায় নিহত ছাত্রী সোহাগী জাহান তনু হত্যা মামলায় ১০ বছর পর প্রথম কোনো অভিযুক্তকে গ্রেফতার করেছে পিবিআই। (ডয়েচে ভেলে: ০৪)

বিদ্যুৎ ও জ্বালানি সংকটের কারণে বাংলাদেশের রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানার উৎপাদন সক্ষমতা উল্লেখযোগ্য হারে কমে গেছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। (বিবিসি: ০৪)

সরকারের কাছে কোরবানি ঈদের আগে দুপুর থেকে গভীর রাত পর্যন্ত দোকানপাট খুলে রাখার দাবি জানিয়েছেন ব্যবসায়ীরা। (জাগো এফএম: ১২)

পঞ্চগড়ে সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশের অভিযোগে দুই বাংলাদেশি কিশোরকে ধরে নিয়ে গেছে বিএসএফ। (বিবিসি: ০৮)

ইরান তাদের জাতীয় স্বার্থ ও নিরাপত্তা রক্ষার্থে প্রয়োজনীয় ও যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে বলে জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। (বিবিসি: ০৭)

# বিবিসি

ভোটে নির্বাচিত ও সংরক্ষিত নারী আসনের এমপির মধ্যে পার্থক্য কোথায়?

ভোটারদের সরাসরি ভোটে নির্বাচিত নন সংরক্ষিত আসনের নারী সংসদ সদস্যরা, নেই নির্দিষ্ট সংসদীয় এলাকাও। সংসদ সদস্য হিসেবে একজন নির্বাচিত প্রতিনিধির সঙ্গে সংরক্ষিত নারী আসনের সদস্যের ভূমিকা এবং কাজে পার্থক্য আসলে কতটা? সংসদে অংশগ্রহণের সুযোগ তৈরির মাধ্যমে বাংলাদেশে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে নেওয়া এই বিশেষ পদক্ষেপ বাস্তাবে নারীকে কতটা ক্ষমতায়িত করতে পেরেছে? সম্প্রতি ত্রয়োদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের প্রার্থীদের মনোনয়ন ঘিরে এসব আলোচনা আবারও সামনে এসেছে। সংরক্ষিত আসনের মাধ্যমে সংসদে নারী প্রতিনিধিত্ব নিশ্চিত হলেও, এর মধ্যদিয়ে তাদেরকে ক্ষমতায়িত করার লক্ষ্য আদতে বাস্তবায়িত হচ্ছে কি না- এমন প্রশ্ন আবারও সামনে এনেছেন সংবিধান ও রাজনৈতিক বিশ্লেষকরা। সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট ফওজিয়া করিম বলছেন, দীর্ঘদিন ধরেই নারীদের জন্য সংরক্ষিত আসনের বদলে সরাসরি নির্বাচনের কথা বলা হলেও, গুরুত্ব দেয়নি কোনো সরকারই। বিবিসি বাংলাকে তিনি বলছেন, "নির্বাচনের মাধ্যমে আসা একজন সদস্য এবং সংরক্ষিত আসনের একজন নারী সদস্য দুইজনই পূর্ণাঙ্গ সংসদ সদস্য, সুযোগ-সুবিধাও এক কিন্তু ক্ষমতার ভারসাম্য এবং দায়বদ্ধতার ক্ষেত্রে দুইজনের ব্যবধান বিস্তর।"

বিশ্লেষকদের মতে, বাংলাদেশের জাতীয় সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসনগুলোতে বেশিরভাগ ক্ষেত্রেই দলীয় হাই-কমান্ডের আনুগত্য কিংবা প্রভাবশালী রাজনৈতিক নেতাদের পরিবারের সদস্যরাই গুরুত্ব পেয়ে থাকেন। "এখন পর্যন্ত কয়জন নারী নেতৃত্ব সংরক্ষিত আসনের সংসদ সদস্য থেকে পরবর্তীতে জাতীয় নেতৃত্বে উঠে আসতে পেরেছেন, সেটি বিবেচনা করলেই উত্তর পাওয়া যাবে" বলে মনে করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক আসিফ মোহাম্মদ সাহান।

নির্বাচিতদের সঙ্গে পার্থক্য

বাংলাদেশে জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে সরাসরি ভোটে ৩০০ আসনে প্রার্থী নির্বাচিত হন। পরবর্তীতে এই নির্বাচিত প্রতিনিধিদের পরোক্ষ ভোটাভুটির মাধ্যমে নির্বাচিত হন ৫০টি সংরক্ষিত আসনের নারী সংসদ সদস্যরা। এক্ষেত্রে জাতীয় নির্বাচনে জয়ী হওয়া দলীয় আসনের সংখ্যার ওপরই নির্ভর করে কোন দল, কতটি সংরক্ষিত নারী আসন পাবেন। এই যেমন ত্রয়োদশ জাতীয় সংসদে ৭৭টি আসনে জয়লাভ করে ৫০টির মধ্যে ১৩টি সংরক্ষিত আসনে মনোনয়ন দেওয়ার সুযোগ পেয়েছে জামায়াত ও এনসিপি নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্য। আর ৩৬টি আসনে প্রার্থীর নাম ঘোষণা করেছে সরকারি দল অর্থাৎ বিএনপি নেতৃত্বাধীন জোট। এছাড়া বাকি একটি আসনে প্রার্থী দেবে স্বতন্ত্র সংসদ সদস্যরা। বিশ্লেষকরা বলছেন, সংসদীয় গণতন্ত্রে নির্বাচিত সংসদ সদস্য এবং সংরক্ষিত আসনের নারী সংসদ সদস্যের মধ্যে কোনো পার্থক্য নেই। সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট মনজিল মোরসেদ-এর মতে, সাংবিধানিকভাবে সংসদ সদস্য হিসেবে অন্যদের মতোই সমান মর্যাদা ও সুযোগ-সুবিধা ভোগ করেন সংরক্ষিত আসনের সংসদ সদস্যরা। "সংসদে বিল উত্থাপন, বাজেট আলোচনা এবং ভোট দেওয়ার পূর্ণ ক্ষমতা যেমন তাদের রয়েছে, তেমনি বেতন-ভাতা, শুল্কমুক্ত গাড়ি আমদানির সুবিধা এবং প্লট বরাদ্দসহ সব অধিকার একজন সাধারণ সংসদ সদস্যের মতোই সমানভাবে পান সংরক্ষিত আসনের সদস্যরা," বিবিসি বাংলাকে বলেন তিনি। বাংলাদেশের আইন অনুযায়ী একজন সংসদ সদস্য যে-সব সুযোগ-সুবিধা পান সেগুলো হচ্ছে -

১. সংসদ সদস্যদের মাসিক বেতন ৫৫,০০০ টাকা।
২. নির্বাচনি এলাকার ভাতা প্রতিমাসে ১২,৫০০ টাকা।
৩. সম্মানী ভাতা প্রতিমাসে ৫,০০০ টাকা।
৪. শুল্কমুক্তভাবে গাড়ি আমদানির সুবিধা।
৫. মাসিক পরিবহণ ভাতা ৭০,০০০ টাকা।
৬. নির্বাচনি এলাকায় অফিস খরচের জন্য প্রতিমাসে ১৫,০০০ টাকা।
৭. প্রতিমাসে লন্ড্রি ভাতা ১,৫০০ টাকা।
৮. মাসিক ক্রোকারিজ, টয়লেট্রিজ কেনার জন্য ভাতা ৬,০০০ টাকা।
৯. দেশের অভ্যন্তরে বার্ষিক ভ্রমণ খরচ ১২০,০০০ টাকা।
১০. স্বেচ্ছাধীন তহবিল বার্ষিক পাঁচ লাখ টাকা।
১১. বাসায় টেলিফোন ভাতা বাবদ প্রতিমাসে ৭,৮০০ টাকা।
১২. সংসদ সদস্যদের জন্য সংসদ ভবন এলাকায় এমপি হোস্টেল আছে।

এছাড়া ২০১৫-২০১৯ সাল পর্যন্ত একজন সংসদ সদস্য প্রতি বছর চার কোটি টাকা করে থোক বরাদ্দ পাবেন। এই থোক বরাদ্দের পরিমাণ আগে ছিল দুই কোটি টাকা। তবে নির্দিষ্ট নির্বাচনি এলাকা না থাকায় কাজের ক্ষেত্রে এই প্রার্থীদের কিছুটা ভিন্নতা রয়েছে বলেই মনে করেন বিশ্লেষকরা। এছাড়া, ভোটারদের মাধ্যমে নির্বাচিত না হয়ে দলীয় হাই-কমান্ডের আনুগত্যে বা পারিবারিক পরিচয়ে নির্বাচিত হওয়ায় এই প্রার্থীদের দায়বদ্ধতা নিয়েও প্রশ্ন রয়েছে বিশ্লেষকদের। নারী অধিকার কর্মী ও সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট ফওজিয়া করিম বলছেন, সংরক্ষিত

আসনের নারী এমপিরা কোনো নির্দিষ্ট ভৌগোলিক নির্বাচনি এলাকার বদলে রাজনৈতিক দলের আসন সংখ্যার আনুপাতিক হারে সংসদে জায়গা করে নেন। আর এ কারণে "তাদের দায়বদ্ধতার জায়গাটি মূলত দলের হাই-কমান্ডের দিকেই ঝুঁকে থাকে," বিবিসি বাংলাকে বলেন তিনি।

সংরক্ষিত আসনের এমপিদের নির্দিষ্ট এলাকা না থাকায় তাদের কাছে সাধারণ মানুষের যোগাযোগের পথটি অনেকটাই অস্পষ্ট বলেও মনে করেন এই আইনজীবী। নির্দিষ্ট নির্বাচনি এলাকা না থাকায় সংরক্ষিত আসনের সংসদ সদস্যদের নানা জটিলতায় পড়তে হয় বলে মত বিশ্লেষকদের। তারা বলছেন, মাঠ পর্যায়ে কাজ করতে গেলে অনেক সময় সরাসরি নির্বাচিত এমপি ও সংরক্ষিত আসনের এমপিদের মধ্যে সমন্বয় বা দ্বন্দ্বের চিত্রও দেখা যায়। অনেক ক্ষেত্রে দেখা যায়, কোনো এলাকার উন্নয়নমূলক কাজ বা সরকারি অনুদান বণ্টনের ক্ষেত্রে সংরক্ষিত আসনের এমপিরা তেমন গুরুত্ব পান না। আবার কেউ কেউ নিজ এলাকার প্রভাব বিস্তারে মরিয়া হয়ে ওঠেন, যা সরাসরি নির্বাচিত এমপির সাথে রাজনৈতিক দ্বন্দ্বে রূপ নেয়।

নারী ক্ষমতায়ন কী নিশ্চিত হচ্ছে

জাতীয় রাজনীতিতে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করা এবং নীতি-নির্ধারণী পর্যায়ে তাদের অবস্থান জোরালো করতেই ১৯৭৩ সালের প্রথম জাতীয় সংসদ নির্বাচনে ১৫টি আসন নারীদের জন্য সংরক্ষিত রাখা হয়। এরপর থেকেই ধাপে ধাপে সংসদে নারীদের জন্য সংরক্ষীত আসনের সংখ্যা বাড়ানো হয়, যা নবম জাতীয় সংসদে বেড়ে ৫০টিতে দাঁড়ায়। জাতীয় সংসদে সংরক্ষিত আসন সংখ্যা বাড়ানো হলেও তাদের নির্বাচন পরোক্ষভাবে হওয়ায় নারীর ক্ষমতায়ন কতখানি নিশ্চিত করা গেছে, তা নিয়ে প্রশ্ন রয়েছে। সংবিধান ও রাজনৈতিক বিশ্লেষকদের অনেকে বলছেন, ভোটারদের সরাসরি ভোটে নির্বাচিত হওয়ার বদলে দলীয় সিদ্ধান্তে নির্বাচিত হওয়ার বিষয়টি নিয়মে পরিণত হওয়ায় এক্ষেত্রে পরিস্থিতি খুব একটা বদলায়নি। অ্যাডভোকেট ফওজিয়া করিম বলছেন, নানা সময় সরাসরি নির্বাচনে নারীদের অংশগ্রহণের সুযোগ বাড়ানোর কথা বলা হলেও, কোনো সরকারই কার্যকর পদক্ষেপ নেয়নি। দলীয় মনোনয়নে নির্বাচন ছাড়াই সংসদে যে-সব নারী আসছেন, তাদের অনেকের দক্ষতা নিয়েও সংশয় জানিয়েছে এই নারী অধিকার কর্মী। তিনি বলছেন, "তৃণমূলের সঙ্গে যে-সব নারী যুক্ত তারা নারীর অধিকার, প্রয়োজন এগুলো সম্পর্কে অবগত কিন্তু বিশাল এই জনগোষ্ঠীর সমস্যা সম্পর্কে অনেকে হয়ত অবগত নন, দলীয়ভাবেও তাদের প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে।" এছাড়া নারীর আর্থিক সক্ষমতা এবং দেশের সামাজিক বাস্তবতায় নারীদেরকে সামনে এগিয়ে নেওয়ার মতো উপযুক্ত পরিবেশ তৈরি করা সম্ভব হয়নি বলেও মনে করেন বিশ্লেষকরা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক আসিফ মোহাম্মদ সাহান বলছেন, "নারী প্রার্থীদের মধ্যে যাদের ফ্যামিলি লিগ্যাসি থাকে, তারা হয়ত কিছু গুরুত্ব পান, এর বাইরে যারা আছে, তারা সংসদে নানা বিষয় নিয়ে হয়ত কথা বলতে পারেন কিন্তু ভোটারদের সেবা দেওয়ার ক্ষেত্রে তাদের ভূমিকা নেই বললেই চলে।" নারীদেরকে সরাসরি ভোটে নির্বাচিত হওয়ার সুযোগ না দিলে নির্বাচনি এলাকার প্রতি তার জবাবদিহি যেমন তৈরি হবে না, তেমনি নেতৃত্ব তৈরির লক্ষ্যও বাস্তবায়ন হবে না বলেই মত তার। "জুলাই সনদেও এই নির্বাচনে অন্তত পাঁচ শতাংশ নারী প্রার্থী রাখার কথা বলা হয়েছিল। কিন্তু এবারই তো পাঁচ শতাংশ হয়নি, কেউ কেউ তো প্রার্থীই দেয়নি," বিবিসি বাংলাকে বলেন মি. সাহান।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৪.২০২৬ আলী আহমেদ)

জ্বালানি সংকটে উৎপাদন কমেছে পোশাকখাতে, বাজার হারানোর শঙ্কা

"দিনে দশ ঘণ্টা কারখানা চালু থাকে। এর মধ্যে পাঁচ থেকে সাত ঘণ্টাই বিদ্যুৎ থাকছে না, লোডশেডিং এতটাই বেড়েছে," বিবিসি বাংলাকে বলছিলেন সাভারের আশুলিয়া এলাকার একটি পোশাক কারখানার পরিচালক সঞ্জয় কুমার। মি. কুমার প্রায় এক দশক ধরে যুক্তরাষ্ট্র ও ইউরোপের বাজারে পোশাক রপ্তানি করে আসছেন। তিনি বলছিলেন, রপ্তানির বাজার ধরে রাখার ক্ষেত্রে পণ্যের গুণমান নিশ্চিত করাটা যেমন জরুরি, তেমনি নির্ধারিত সময়ের মধ্যে পণ্যগুলো ক্রেতাদের কাছে পৌঁছে দেওয়াও গুরুত্বপূর্ণ। "সেজন্যই বিদ্যুৎ না থাকলেও আমরা কাজ বন্ধ রাখতে পারি না। জেনারেটর দিয়ে হলেও কাজ চালিয়ে যেতে হয়," বলেন মি. কুমার। কিন্তু দীর্ঘ সময় ধরে জেনারেটর চালানোর জন্য যে পরিমাণ জ্বালানি তেলের প্রয়োজন, বাংলাদেশের বর্তমান বাস্তবতায় সেটি জোগাড় করা মোটেও সহজ কোনো ব্যাপার নয়। ডিজেলের জন্য ছুটতে হচ্ছে এক পাম্প থেকে অন্য পাম্পে, লাইনে দাঁড়িয়ে অপেক্ষা করতে হচ্ছে ঘণ্টার পর ঘণ্টা। "তারপরও জেনারেটর চালানোর জন্য অনেক সময় যথেষ্ট পরিমাণ ডিজেলও পাচ্ছি না। ফলে কাজ বন্ধ রাখতে হচ্ছে, উৎপাদনে ব্যাঘাত ঘটছে," বলেন আরেক গার্মেন্টস ব্যবসায়ী সাঈদ হাসান। ইরান যুদ্ধের প্রভাবে বিদ্যুৎ ও জ্বালানি সংকটের কারণে এভাবে কাজ বন্ধ রাখায় বাংলাদেশের রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানার উৎপাদন সক্ষমতা উল্লেখযোগ্য হারে কমে গেছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। "অ্যানার্জি ক্রাইসিসের কারণ সার্বিকভাবে পোশাক কারখানাগুলোর উৎপাদন সক্ষমতা গড়ে প্রায় ২৫ থেকে ৩০ শতাংশ কমে গেছে বলে আমরা ধারণা করছি," বিবিসি বাংলাকে বলছিলেন মালিকদের সংগঠন বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) সভাপতি মাহমুদ হাসান খান।

যুক্তরাষ্ট্র বাংলাদেশের তৈরি পোশাকের একক বৃহত্তম রপ্তানি বাজার। কিন্তু ট্রাম্প প্রশাসন বাড়তি শুল্ক ঘোষণার পর গত টানা আট মাস ধরে পোশাকখাতে রপ্তানি কমার ধারা অব্যাহত রয়েছে। রপ্তানি উন্নয়ন ব্যুরো'র (ইপিবি) তথ্যমতে, গত

মার্চে বাংলাদেশ প্রায় ২৮১ কোটি মার্কিন ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে, যা গত বছরের মার্চের তুলনায় প্রায় ১৯ শতাংশ কম। সামগ্রিকভাবে চলতি অর্থবছরের প্রথম নয় মাসে দুই হাজার ৮৫৮ কোটি মার্কিন ডলারের পোশাক রপ্তানি হয়েছে, যা আগের অর্থবছরের একই সময়ের চেয়ে পাঁচ দশমিক ৫১ শতাংশ কম। এর মধ্যে জ্বালানি সংকটে কারখানাগুলোর উৎপাদন সক্ষমতা কমে যাওয়ায় সামনের মাসগুলোতে তৈরি পোশাক রপ্তানির হার আরও কমে যেতে পারে বলে পূর্বাভাস দিয়েছে বিজিএমইএ।

জ্বালানি খরচ বেড়ে দ্বিগুণ

গত কয়েক বছর ধরেই একের পর এক সংকটের মধ্য দিয়ে যাচ্ছে বাংলাদেশের বিদ্যুৎখাত। করোনা মহামারির পর ডলার সংকটের কারণে তেল, গ্যাস ও কয়লার মতো জ্বালানি আমদানি কমে যাওয়ায় সরকারি অনেক বিদ্যুৎকেন্দ্র বন্ধ হয়ে গেছে। অন্যদিকে, বকেয়া টাকা পরিশোধ করতে না পারায় বেসরকারি খাতের বিদ্যুৎ সরবরাহও কমে গেছে। এর মধ্যে ইরান যুদ্ধের প্রভাবে বিদ্যুৎ সংকট আরও তীব্র আকার ধারণ করেছে। "আগে দিনে এক থেকে দুই ঘণ্টা লোডশেডিং হতো। এখন সেটা দ্বিগুণেরও বেশি হয়েছে," বলেন মি. হাসান। কিন্তু বিদেশি ক্রেতাদের কাছে ঠিক সময়ে পণ্য সরবরাহ করার জন্য ব্যবসায়ীরা জেনারেটর চালিয়ে কারখানার কাজ অব্যাহত রাখার চেষ্টা করছেন। কিন্তু ডিজেল চালিত জেনারেটর ব্যবহার করে দীর্ঘ সময় কারখানা সচল রাখতে গিয়ে জ্বালানি খরচ বেড়ে দ্বিগুণ হয়েছে। "আগে বিদ্যুত-ডিজেল মিলিয়ে প্রতি মাসে আমার খরচ হতো ১৫ থেকে ১৬ লাখ টাকার মতো। কিন্তু জেনারেটর চালানোর কারণে সেটা এখন বেড়ে প্রায় ৩০ লাখ টাকা হয়ে গেছে," বলছিলেন পোশাক ব্যবসায়ী সঞ্জয় কুমার। তবে রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের (ইপিজেড) মধ্যে যে-সব পোশাক কারখানা রয়েছে, সেগুলোতে বিদ্যুৎ ও জ্বালানি সংকট তুলনামূলকভাবে কম বলে জানা যাচ্ছে। "গাজীপুর বা আশুলিয়ার কারখানাগুলোতে যতটা লোডশেডিং হচ্ছে, ইপিজেডে আমরা সেই তুলনায় বেটার পজিশনে আছি," বিবিসি বাংলাকে বলেন ডেনিম এক্সপোর্ট লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মহিউদ্দিন রুবেল। কিন্তু বাংলাদেশে যে আড়াই হাজারের মতো রপ্তানিমুখী পোশাক কারখানা রয়েছে, সেগুলোর বেশিরভাগই রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের বাইরে বলে জানিয়েছে মালিকদের সংগঠন বিজিএমইএ। ফলে তারা ইপিজেড এলাকার বিশেষ সুবিধা পাচ্ছে না। এর মধ্যে আবার সম্প্রতি ডিজেলের দাম লিটারপ্রতি ১৫ টাকা বাড়িয়েছে সরকার, যার প্রভাবে পণ্যের উৎপাদন খরচ আরও বেড়ে যাবে জানিয়েছেন ব্যবসায়ীরা।

বেড়েছে অন্য খরচও

জ্বালানি খরচ বৃদ্ধির পাশাপাশি তৈরি পোশাকখাতে কাঁচামাল, পরিবহ ব্যয়সহ আরও অনেক খরচ বেড়ে গেছে বলে জানাচ্ছেন ব্যবসায়ীরা। "এর মধ্যে বিদেশ থেকে যে কটন বা তুলা আমদানি করা হয়, সেটার দাম প্রতি কেজিতে ৬০ সেন্টস বা প্রায় আড়াইশ টাকা বেড়েছে। এছাড়া পলিস্টার ও নাইলনের মতো পেট্রোলিয়াম বাইপ্রোডাক্টসের দাম তো হু হু করে বাড়ছে," বলেন গার্মেন্টস ব্যবসায়ী মি. কুমার। অন্যদিকে, জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির ফলে পণ্য পরিবহণের খরচও বেড়ে গেছে। "বিশেষ করে, বিদ্যুৎ, গ্যাস ও জ্বালানি তেলের সংকটে উৎপাদনে ব্যাঘাত ঘটায় অনেক সময় শিপমেন্ট ডিলে করতে হচ্ছে। এতে বায়াররা অসন্তুষ্ট হচ্ছে। অনেকে আবার এয়ার ফ্লিটে মাল পাঠাতে বলছে, যাতে সেগুলো তারা দ্রুত হাতে পায়," বলছিলেন ব্যবসায়ী সাঈদ হাসান। কিন্তু খরচ বাড়লেও বেশিরভাগ বিদেশি ক্রেতা সেগুলো দিতে রাজি হচ্ছেন না। "তারা দিতে রাজি হচ্ছে না, কারণ খরচগুলো বেড়েছে অর্ডার নেওয়ার পরে। নতুন দামে অর্ডার কোট করার পর দেখা যাচ্ছে, বায়াররা অর্ডারটা কনফার্ম করছে না। দাম কমানোর জন্য অপেক্ষা করছে," বলেন মি. কুমার।

বাজার হারানোর শঙ্কা

বিশ্বজুড়ে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির ফলে কাঁচামাল আমদানি থেকে শুরু করে বিভিন্ন পর্যায়ে যে বাড়তি খরচ হচ্ছে, সেটার পুরোটাই যাচ্ছে ব্যবসায়ীদের নিজেদের পকেট থেকে। "যা আয় হয়, এগুলো করতে গিয়ে সব খরচ হয়ে গেছে শ্রমিকদের বেতন দেব কীভাবে, আর আমরাই-বা কী খেয়ে বাঁচবো?," বলেন গার্মেন্টস ব্যবসায়ী মি. কুমার। তিনি আরও বলেন, "এভাবে তো বেশিদিন চলা সম্ভব হবে না। এভাবে চলতে থাকলে তো কারখানা চালু রাখাই কঠিন হয়ে যাবে।" এদিকে, নতুন করে অর্ডার না পাওয়া নিয়েও আছে দুশ্চিন্তা। "এই যে নতুন করে অর্ডার আসছে না, একটা গ্যাপ তৈরি হচ্ছে- এটার প্রভাব টের পাওয়া যাবে আগামী এক থেকে দেড় মাস পর। দেখা যাবে, আগামী ইদের সময় মালিকরা অনেকেই শ্রমিকদের বেতন দিতে পারছেন না," বলছিলেন পোশাক কারখানার মালিক মি. হাসান। বর্তমানে পোশাক রপ্তানিতে বিশ্বে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। কিন্তু এই শিল্পের বাজার ক্রমেই আরও প্রতিযোগিতামূলক হয়ে উঠছে। ফলে বাড়তি মূল্যের কারণে ক্রেতা হারানোর শঙ্কাও লক্ষ্য করা ব্যবসায়ীদের মাঝে। "বিদ্যুৎ ও জ্বালানির যে সংকট দেখা যাচ্ছে, সেটি যদি সহসাই সমাধান করা না যায়, তেলের সরবরাহ যদি স্বাভাবিক না থাকে, তাহলে টাইমলি মাল শিপমেন্ট করা কঠিন হয়ে পড়বে, আবারও খরচও বেড়ে যাবে," বলেন পোশাক ব্যবসায়ী সঞ্জয় কুমার। "তখন বায়াররা নিজেদের স্বার্থেই বিকল্প মার্কেটের সন্ধান শুরু করবে। যেখানে কম খরচে মাল ডেলিভারি পাবে, সেখানে চলে যাবে," যোগ করেন মি. কুমার।

কী বলছে সরকার?

বিদ্যুৎ ও জ্বালানির অভাবকে ঘিরে তৈরি পোশাকখাতে যে সংকট লক্ষ্য করা যাচ্ছে, সেটি সমাধানের জন্য সম্প্রতি এ খাতের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন ব্যবসায়ী নেতারা। "কারখানাগুলো বাঁচাতে আমরা অনুরোধ করেছি, সরকার যেন বিশেষ ব্যবস্থায় বিদ্যুৎ ও জ্বালানির সরবরাহ নিশ্চিত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে," বলেন বিজিএমইএ সভাপতি মি. খান। সরকার বলছে, সংকট সমাধানে তারা সর্বোচ্চ চেষ্টা চালাচ্ছেন। "তারা যে প্রধান সমস্যা নিয়ে আসছিল- ফুয়েল ক্রাইসিস, সেটা আমরা তাৎক্ষণিকভাবেই সমাধান করে দিয়েছি," বিবিসি বাংলাকেও বলছিলেন বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। সাময়িক ব্যবস্থা হিসেবে নেতারা পোশাক ব্যবসায়ীদের জন্য আলাদা জ্বালানি কার্ড চেয়েছেন বলে জানিয়েছেন। "আমরা সেটা করার বিষয়ে সম্মতি দিয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) সঙ্গে তাদেরকে ট্যাগ করে দিয়েছি। এখন বিজিএমইএ তার সদস্যদের কার কতটুকু জ্বালানির দরকার, সেটা অনুযায়ী তালিকা করে ফুয়েল কার্ড দিবে," বলেন প্রতিমন্ত্রী মি. অমিত। জ্বালানি কার্ড দেখিয়ে ব্যবসায়ীরা দেশের যে-কোনো তেল পাম্প থেকে 'অগ্রাধিকারভিত্তিক' জ্বালানি তেল নিতে পারবেন বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। "ইতোমধ্যেই এক হাজারের মতো কারখানা কার্ডের জন্য আবেদন করেছে এবং আমরা কার্ড বিতরণ শুরু করেছি," বলেন বিজিএমইএ সভাপতি। সেইসঙ্গে, দীর্ঘমেয়াদে এ ধরনের সমস্যা সমাধানে কারখানাগুলোতে নবায়নযোগ্য শক্তির ব্যবস্থা রাখার বিষয়েও বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। পোশাক কারখানায় সৌর বিদ্যুৎ ব্যবস্থা চালুর জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি আমদানির ক্ষেত্রে সরকারের কাছে শুল্ক কমানোর দাবি জানিয়েছে মালিকপক্ষ। "বাড়িঘর ও কারখানায় সৌর বিদ্যুৎ চালুর বিষয়ে একটি নীতিমালা আগে থেকেই আমাদের আছে। সেটি অনুসরণ করে কারখানার সৌর প্যানেল বসিয়ে নবায়নযোগ্য বিদ্যুতের ব্যবস্থা করার বিষয়ে সরকার প্রয়োজনীয় সহযোগিতা করবে," বলেন মি. অমিত। এছাড়া চলতি বছরের শেষ প্রান্তিকে রূপপুরের পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র চালু হওয়ার কথা রয়েছে। ঐ বিদ্যুৎকেন্দ্রটি চালু করা গেলে চলমান বিদ্যুৎ সংকট অনেকটা কেটে যাবে বলে আশা করছে সরকার।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৪.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালিতে দুটি জাহাজে গুলি চালিয়েছে আইআরজিসি : ইউকেএমটিও

যুক্তরাজ্যের মেরিটাইম ট্রেড অপারেশনস সেন্টার, ইউকেএমটিও জানিয়েছে, হরমুজ প্রণালিতে দুটি জাহাজের ওপর গুলি চালানো হয়েছে। ব্রিটিশ রয়্যাল নেভির নেতৃত্বাধীন সংস্থাটি বলেছে, হামলার দ্বিতীয় ঘটনার সময় বহির্গামী জাহাজটি ইরানের পশ্চিম দিকে প্রায় আট নটিক্যাল মাইল দূরে ছিল এবং সেটি এখন পানিতে থেমে আছে। ইউকেএমটিও বলছে, জাহাজটির কোনো ক্ষতি হয়নি এবং জাহাজের নাবিকরাও নিরাপদ আছেন। বিবৃতিতে আরও বলা হয়, হরমুজ প্রণালিতে এখন উচ্চ মাত্রার তৎপরতা চলছে। ওই এলাকায় সন্দেহজনক কোনো কার্যকলাপ দেখলে জাহাজগুলোকে তা জানাতে বলা হয়েছে। এর আগে ইউকেএমটিও জানায়, ওমানের উত্তর পূর্বে প্রায় ১৫ নটিক্যাল মাইল দূরে একটি কনটেইনার জাহাজে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) একটি গানবোট হামলা চালায়, এতে জাহাজটির ব্রিজে গুরুতর ক্ষতি হয়। সংস্থাটির মতে, একটি আইআরজিসি "গানবোট" জাহাজটির কাছে আসে। কোনো "ভিএইচএফ চ্যালেঞ্জ" ছিল না। অর্থাৎ, রেডিওর মাধ্যমে কোনো আগাম সতর্কবার্তা দেওয়া হয়নি বা যোগাযোগ করা হয়নি। এরপর গানবোটটি জাহাজটির ওপর গুলি চালায়, যার ফলে জাহাজটির ব্রিজে "গুরুতর ক্ষতি" হয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ এলিনা)

## ইরান আর্থিকভাবে ভেঙে পড়ছে, হরমুজ প্রণালি অবিলম্বে খুলে দিতে চায় : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি বন্ধ থাকায় ইরান "আর্থিক ধসের" মুখে পড়েছে। ট্রুথ সোশালে একটি পোস্টে তিনি লিখেছেন, "ইরান হরমুজ প্রণালি বন্ধ রাখতে চায় না, তারা এটি খোলা রাখতে চায় যাতে তারা প্রতিদিন ৫০০ মিলিয়ন ডলার আয় করতে পারে (এবং এটি বন্ধ থাকলে তাদের এই পরিমাণ অর্থই লোকসান হবে!)"। ইরানি বন্দরগুলোর ওপর যুক্তরাষ্ট্রের আরোপিত অবরোধের প্রেক্ষাপটে "মুখ রক্ষা" করতেই তেহরান এই প্রণালি বন্ধের ঘোষণা দিয়েছিল বলেও তিনি দাবি করেন। "চার দিন আগে লোকজন আমার কাছে এসে বলেছিল, 'স্যার, ইরান অবিলম্বে প্রণালিটি খুলে দিতে চায়'। কিন্তু আমরা যদি তা করি, তাহলে ইরানের সাথে কখনোই কোনো চুক্তি হতে পারবে না, যদি না আমরা তাদের দেশের বাকি অংশ, তাদের নেতাদেরসহ উড়িয়ে দিই!" আরেকটি পোস্টে তিনি লিখেছেন, "ইরান আর্থিকভাবে ভেঙে পড়ছে! তারা অবিলম্বে হরমুজ প্রণালি খুলে দিতে চায়"। দেশটি "টাকার জন্য হাহাকার করছে" বলেও তিনি লিখেন।(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের সঙ্গে শান্তি আলোচনায় যোগ দেওয়ার বিষয়ে ইরানের'এখনো সিদ্ধান্ত হয়নি' : মুখপাত্র

ডোনাল্ড ট্রাম্প যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর ঘোষণা দেওয়ার আগে, ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় বিবিসিকে জানায়— চলতি সপ্তাহের শেষ দিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে শান্তি আলোচনার নতুন দফায় তারা অংশ নেবে কি না, সে বিষয়ে তেহরান এখনো সিদ্ধান্ত নেয়নি। বিবিসির প্রধান আন্তর্জাতিক সংবাদদাতা লিজ ডুসেটকে দেওয়া এক সাক্ষাৎকারে মুখপাত্র এসমাইল বাঘাই বলেন, প্রথম দফার ইসলামাবাদ আলোচনায় ইরান "সদিচ্ছা ও গুরুত্বের অনুভূতি নিয়ে" করেছিল। তবে তিনি অভিযোগ করেন, আলোচনার অপর পক্ষটি "গুরুত্বহীনতা ও সদিচ্ছার অভাব" দেখিয়েছে। তিনি যুক্তরাষ্ট্রের

"ইউ-টার্ন, যুদ্ধাপরাধের হুমকি"র কথাও উল্লেখ করেন। এটি প্রেসিডেন্ট ট্রাম্পের সাম্প্রতিক দুই দিনের সামাজিক যোগাযোগ মাধ্যমের পোস্ট ও সাক্ষাৎকারে দেওয়া বক্তব্যের প্রতি ইঙ্গিত—যেখানে তিনি আবারও হুমকি দেন, ইরান যদি যুক্তরাষ্ট্রের ভাষায় "খুবই ন্যায্য ও যুক্তিসংগত একটি চুক্তির প্রস্তাব" গ্রহণ না করে, তবে তিনি "সব বিদ্যুৎকেন্দ্র ও প্রতিটি সেতু ধ্বংস" করবেন। হোয়াইট হাউস মঙ্গলবার রাতে নিশ্চিত করেছে, শান্তি আলোচনার দ্বিতীয় দফায় অংশ নিতে ভাইস-প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের পাকিস্তান সফর বাতিল করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ এলিনা)

## পেট্রোল-ডিজেলের দাম কমিয়েছে চীন

ইরান যুদ্ধ শুরুর পর প্রথমবারের মতো পাম্প পর্যায়ে পেট্রোল ও ডিজেলের দাম কমিয়েছে চীন। চীনের শীর্ষ অর্থনৈতিক পরিকল্পনা সংস্থা হিসেবে কাজ করা ন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যান্ড রিফর্ম কমিশন জানিয়েছে, বিশ্ববাজারে তেলের দামের পরিবর্তনের সাথে মিল রেখে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রতি দশ কর্মদিবস পরপর আন্তর্জাতিক অপরিশোধিত তেলের দামের ভিত্তিতে পেট্রোলের দাম নির্ধারণ করে কমিশন। পেট্রোলের দাম কমে যাওয়ায় ৫০ লিটারের একটি ট্যাংক ভর্তি করতে গেলে চালকদের প্রায় তিন ডলার সাশ্রয় হবে। ইরান যুদ্ধে শুরুর পর তেলের দাম বেড়ে যাওয়ায় বেইজিং একাধিকবার পেট্রোল ও ডিজেলের সর্বোচ্চ খুচরা মূল্য বাড়িয়েছিল।
(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ এলিনা)

## হরমুজে তিনটি জাহাজে হামলা, দু'টিকে জব্দ করেছে আইআরজিসি: ইরানি গণমাধ্যম

ইরানি গণমাধ্যম জানিয়েছে, হরমুজ প্রণালিতে যে তিনটি জাহাজ হামলার শিকার হয়েছে, তা করেছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর - আইআরজিসি। আইআরজিসি'র সাথে সম্পৃক্ত ফার্স নিউজ এজেন্সি বলছে, ইউফোরিয়া নামের একটি জাহাজকে লক্ষ্যবস্তু করা হয়েছে এবং সেটি এখন ইরানের উপকূলের কাছে আটকে আছে। ইরানি গণমাধ্যমের খবরে আরও বলা হয়েছে, এমএসসি ফ্রানচেস্কা ও এপামিনোন্দাস নামের দু'টি জাহাজকে জব্দ করা হয়েছে এবং সেগুলোকে এখন ইরানের উপকূলের দিকে নিয়ে যাওয়া হচ্ছে।
(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ এলিনা)

## হামের উপসর্গ নিয়ে পাঁচ জনের মৃত্যু

বাংলাদেশে ২৪ ঘণ্টায় সন্দেহজনক হাম রোগে পাঁচ জনের মৃত্যু হয়েছে। আজ বুধবার স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামরোগীর সংখ্যা এক হাজার ২২৯ জন এবং নিশ্চিত হামরোগীর সংখ্যা ১২৯ জন। এই সময়ের মাঝে নিশ্চিত হামে কারও মৃত্যু হয়নি। এখন পর্যন্ত হাম রোগে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা সবচেয়ে বেশি ঢাকা বিভাগে।
(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ এলিনা)

## 'তদন্তের' জন্য দু'টি জাহাজ ইরানের জলসীমায় নেওয়ার দাবি আইআরজিসির

ইরানের রাষ্ট্রীয় টিভির টেলিগ্রাম চ্যানেলসহ বিভিন্ন ইরানি গণমাধ্যম ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) নৌবাহিনীর একটি বিবৃতি প্রকাশ করেছে। বিবৃতিতে তারা বলেছে, "কার্গো, নথিপত্র ও রেকর্ড পরীক্ষা করার জন্য" পানামা'র পতাকাধারী 'এমএসসি ফ্রানচেস্কা' এবং একটি গ্রিক কোম্পানির মালিকানাধীন 'এপামিনোন্দাস' নামের দু'টি জাহাজকে ইরানের জলসীমায় নিয়ে যাওয়া হয়েছে। তাদের দাবি, জাহাজগুলো "অনুমতি ছাড়া চলাচল করছিল" এবং "বারবার নিয়ম ভেঙেছে"। বিবৃতিতে আরও অভিযোগ করা হয়, জাহাজগুলো "গোপনে" হরমুজ প্রণালি ছেড়ে যাওয়ার চেষ্টা করছিল এবং জাহাজের নেভিগেশন সিস্টেমে কারচুপি করেছে। এই দাবিগুলো স্বাধীনভাবে যাচাই করতে পারেনি বিবিসি। বিবৃতিতে আরও বলা হয়, কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে চলাচল নজরদারিতে রাখা হচ্ছে এবং "নিয়মভঙ্গকারীদের" বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। আইআরজিসি নৌবাহিনী সতর্ক করে বলেছে, কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে চলাচল তারা নজরদারিতে রাখছে এবং "নিয়মভঙ্গকারীদের" বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তবে এই বিবৃতিতে পানামা'র পতাকাধারী 'ইউফোরিয়া' জাহাজটির বিষয়ে কিছু উল্লেখ নেই।(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ এলিনা)

## স্বার্থ রক্ষায় 'প্রয়োজনীয় ব্যবস্থা' নেবে ইরান : ইসমাইল বাঘাই

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেছেন, পাকিস্তানের যুদ্ধবিরতির আহ্বানের পর ইরান তাদের রাজনৈতিক পরিস্থিতির ওপর সতর্কভাবে নজর রাখছে। এমনটাই জানিয়েছে ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা আইআরএনএ। টেলিগ্রামে দেওয়া এক পোস্টে আইআরএনএ বাঘাইকে উদ্ধৃত করে বলেছে, ইরান তাদের জাতীয় স্বার্থ ও নিরাপত্তা রক্ষার্থে "প্রয়োজনীয় ও যথাযথ ব্যবস্থাত" গ্রহণ করবে। গত রাতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প পাকিস্তানের অনুরোধে যুদ্ধবিরতির সময় বাড়ানোর ঘোষণা দেন। তখন তিনি এও মন্তব্য করেন যে ইরানের সরকার "বাজেভাবে বিভক্ত।" ওয়াশিংটনের সঙ্গে ভবিষ্যতে আলোচনার সম্ভাবনা আছে কিনা, সে প্রসঙ্গে বাঘাই বলেন, "জাতীয় স্বার্থ ও নিরাপত্তা নিশ্চিত করার একটি উপায় হলো কূটনীতি। যখনই আমরা মনে করবো যে কূটনীতি প্রয়োগের প্রয়োজন আছে এবং তার জন্য যথোপযুক্ত পরিবেশ তৈরি হয়েছে, তখন আমরা পদক্ষেপ নেবো।"

(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ এলিনা)

## প্রাথমিকের শিক্ষার্থীদের পাটের তৈরি ব্যাগ ও স্কুল ড্রেস দেবে সরকার

বাংলাদেশের প্রতিটি উপজেলায় প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে পাটের তৈরি ব্যাগ ও স্কুল ড্রেস বিতরণ করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। আজ সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে স্কুলে পাটের তৈরি ব্যাগ বিতরণ কার্যক্রম সংক্রান্ত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে এক খবরে জানিয়েছে রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনের বরাত দিয়ে খবরে বলা হয়, "প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে তিন মন্ত্রণালয়, যথাক্রমে প্রাথমিক ও গণশিক্ষা, বস্ত্রও পাট এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের এই বৈঠক হয়েছে। বৈঠকে প্রতিটি উপজেলায় দুটি প্রাথমিক শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে পাটের তৈরি ব্যাগ দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। একটি পরীক্ষামূলক প্রকল্প দিয়ে এই কার্যক্রম শুরু করা হবে"। দেশীয় পাট শিল্পকে রক্ষা এবং পরিবেশকে দূষণমুক্ত করতে এই কর্মসূচি নেওয়া হয়েছে বলেও জানান তিনি। বৈঠকের পরে প্রধানমন্ত্রী কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন সাংবাদিকদের বলেন, জুলাই থেকে প্রতিটি উপজেলায় দুটি করে স্কুলে এই কর্মসূচি শুরু হবে। স্কুল নির্বাচন করবে স্থানীয় প্রশাসন। তিনি বলেন, প্রথম মাসে এক লাখ শিক্ষার্থীকে বিনামূল্যে স্কুল ব্যাগ ও ড্রেস দেওয়া হবে। সরকারের এই কার্যক্রমে প্রথম ধাপে প্রতি উপজেলার দুটি স্কুল পাবে।পর্যায়ক্রমে সব প্রাথমিক স্কুলের শিক্ষার্থীকে এ কার্যক্রমের আওতায় আনা হবে। প্রধানমন্ত্রীর নির্দেশনায় 'মেড ইন বাংলাদেশ' পণ্য ব্যবহারে উৎসাহিত করতে এ উদ্যোগ নেওয়া হয়েছে বলেও উল্লেখ করেন মাহদী আমিন।

(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ এলিনা)

## পঞ্চগড় সীমান্ত থেকে দুই বাংলাদেশি কিশোরকে বিএসএফ নিয়ে যাওয়ার অভিযোগ

বাংলাদেশের উত্তরের জেলা পঞ্চগড়ের মিস্ত্রিপাড়া পাটশিরি সীমান্ত দিয়ে অবৈধভাবে ভারতে অনুপ্রবেশের অভিযোগে দুই বাংলাদেশি কিশোরকে ধরে নিয়ে গেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। বিবিসি বাংলাকে এই নিশ্চিত করেছেন পঞ্চগড় সদর থানার ওসি আশরাফুল ইসলাম। আজ বুধবার সন্ধ্যা ৭টার দিকে তিনি বলেন, ধরে নিয়ে যাওয়া ঐ দুই কিশোরকে ফিরিয়ে আনার জন্য বর্ডার গার্ড বাংলাদেশ - বিজিবি'র সাথে এখন বিএসএফ-এর পতাকা বৈঠক চলছে। ওসি জানান, তারা জানতে পেরেছেন যে ঐ দুই কিশোরের বাড়ি জেলার আটোয়ারী উপজেলায়। তারা ঐ সীমান্তে ঘুরতে গিয়েছিলো। পঞ্চগড়ের স্থানীয় সাংবাদিকদের সাথে কথা বলে জানা যায়, আজ বেলা ১১টার দিকে এই ঘটনা ঘটে। তাদের বর্ণনা অনুযায়ী, এরকম ঘটনা ঐ সীমান্তে প্রায়ই ঘটে। কারণ সীমান্তের ঐ দিকে ভারতের বিশাল এক চা বাগান আছে। ওখানে মানুষ এমনিতেই ঘুরতে যায়। ঐ দুই কিশোরও গিয়েছিলো। পরে বিএনএফ তাদের আটক করে নিয়ে যায়।(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ এলিনা)

## লেবাননে আরও এক ফরাসি শান্তিরক্ষীর মৃত্যু, বললেন ম্যাক্রঁ

ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রঁ জানিয়েছেন, লেবাননের সশস্ত্র গোষ্ঠী হেজবুল্লাহ সদস্যদের হামলায় গুরুতর আহত হওয়ার পর আরও এক ফরাসি শান্তিরক্ষীর মৃত্যু হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে দেওয়া এক বিবৃতিতে তিনি বলেন, করপোরাল আনিসে জিরাদাকে গতকাল দেশে ফিরিয়ে আনা হয় এবং আজ সকালে তিনি মারা যান। গত শনিবার দক্ষিণ লেবাননে জাতিসংঘের মিশন ইউনিফিলে দায়িত্ব পালনের সময় আরেক ফরাসি শান্তিরক্ষী গুলিবিদ্ধ হয়ে নিহত হন। ওই হামলার জন্য হেজবুল্লাহকে দায়ী করেন ম্যাক্রঁ। যদিও ইরান সমর্থিত এই সশস্ত্র গোষ্ঠী দাবি করেছে যে এই ঘটনাটির সঙ্গে তারা জড়িত ছিল না। সেদিনের ঘটনায় আরও দুইজন শান্তিরক্ষী আহত হয়েছেন। এর আগে ম্যাক্রঁ বলেছিলেন, হেজবুল্লাহ ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতিতে তার "পূর্ণ সমর্থন" আছে। তবে তার আশঙ্কা করছেন যে চলমান সামরিক অভিযান বন্ধ না হওয়ায় এই যুদ্ধবিরতি অকার্যকর হতে পারে। তিনি হেজবুল্লাহকে অস্ত্র ত্যাগ করতে বলেন ও ইসরায়েলকে লেবাননের সার্বভৌমত্বকে সম্মান করতে বলেন।

(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ রুবাইয়া)

## লেবাননে গাড়িতে ইসরায়েলি হামলায় দুইজন নিহত, বলছে রাষ্ট্রীয় গণমাধ্যম

লেবাননের দক্ষিণাঞ্চলের আল-তিরি গ্রামে একটি গাড়িতে ইসরায়েলি হামলায় দুইজন নিহত হয়েছেন বলে জানিয়েছে লেবাননের রাষ্ট্রীয় বার্তা সংস্থা ন্যাশনাল নিউজ এজেন্সি। গতকাল ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী-আইডিএফ বাসিন্দাদের লিতানি নদী, ওয়াদি আল-সালুকি এবং ওয়াদি আল-সালহানি এলাকা থেকে দূরে থাকার জন্য সতর্কবার্তা দিয়েছে। তারা বলেছে, সেখানে লেবাননের সশস্ত্র গোষ্ঠী হেজবুল্লাহর সন্ত্রাসী কার্যক্রম চলমান রয়েছে। গত ১৬ই এপ্রিল ইসরায়েল ও লেবাননের মধ্যে একটি যুদ্ধবিরতি ঘোষণা করা হয়, যা ১০ দিন পর্যন্ত কার্যকর থাকার কথা। এ নিয়ে আগামীকাল বৃহস্পতিবার ওয়াশিংটনে রাষ্ট্রদূত পর্যায়ের আলোচনা হওয়ার কথা রয়েছে। যুদ্ধবিরতি লঙ্ঘনের অভিযোগে একে অপরকে দোষারোপ করছে হেজবুল্লাহ ও ইসরায়েল। এর আগে ইসরায়েলি বাহিনী জানিয়েছিল, দক্ষিণ লেবাননে তাদের ওপর হেজবুল্লাহ হামলা চালিয়েছে।(বিবিসি: ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ রুবাইয়া)

যুবকের কোলে চাদরে মোড়ানো শিশু- ছবির পেছনের ঘটনা, যা জানা যাচ্ছে

ধুসর একটি চাদরে মোড়ানো ছোটো একটি শিশু, তাকে কোলে নিয়ে ছুটে চলছেন একজন যুবক। বাংলাদেশের রাজধানী ঢাকার মহাখালী এলাকা থেকে তোলা এমনি একটি ছবি ছড়িয়ে পড়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে, যেটি দাগ কেটেছে অনেকের মনে। ঢাকার মহাখালীর ডিএনসিসি ডেডিকেটেড হাসপাতালের সামনে থেকে তোলা ওই ছবিতে চাদরে মোড়ানো যেই শিশুটির নিথর দেহ দেখা গেছে, তার নাম মো. সাদমান। তিন বছর বয়সি শিশুটি মঙ্গলবার হামে আক্রান্ত হয়ে মারা যায় মহাখালীর ডিএনসিসি হাসপাতালে। সেখান থেকে শিশুটির মরদেহ যখন নিয়ে যাওয়া হচ্ছিল, তখন সেই ছবিটি তুলেছিলেন বাংলাদেশের দৈনিক প্রথম আলো পত্রিকার ফটোসাংবাদিক খালেদ সরকার। ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেককেই সেই ছবিটি শেয়ার করতে দেখা যায়। ছবির বর্ণনায়ও অনেকে লিখেছেন- 'সন্তানের লাশ হাতে দাঁড়িয়ে আছেন বাবা'। যদিও বিবিসি বাংলা খোঁজ নিয়ে জানতে পেরেছে যেই যুবকের কোলে শিশু সাদমানের মরদেহ ছিল, তিনি তার বাবা নন। হাসপাতাল থেকে মৃত ঘোষণার পর একজন আত্মীয় সাদমানকে নিয়ে যাচ্ছিল ঢাকার কামরাঙ্গীরচরের বাসায়।

গত একমাসেরও বেশি সময় বাংলাদেশে হামের প্রাদুর্ভাব বেড়েছে বলে সংবাদ মাধ্যমে খবর উঠে আসছে। প্রতিদিনই হামে আক্রান্ত হয়ে বা এই রোগের উপসর্গ নিয়ে অসংখ্য শিশু ভর্তি হচ্ছে হাসপাতালে। যে কারণে ঢাকার ডিএনসিসি হাসপাতালসহ বেশ কিছু হাসপাতালে বিশেষ ইউনিটও চালু করেছে সরকার। হাম বা সন্দেহজনক হামে মৃত্যুর সংখ্যা প্রতিদিনই বাড়ছে। মঙ্গলবার সকালে হাম আক্রান্ত হয়ে মৃত্যুর পর ঐদিন বিকেলেই সাদমানকে দাফন করা হয় ঢাকার আজিমপুর কবরস্থানে। পরদিন বুধবার বিকেলে যখন সাদমানের বাবা-মায়ের সঙ্গে কথা হয় বিবিসি বাংলার, তখন তারা যাচ্ছিলেন আজিমপুর কবরস্থানে একমাত্র ছেলের কবরটি দেখতে।

'তখনও বুঝিনি আমার বাচ্চাটা আর নাই'

মো. সজীব ও আফরিন মীম দম্পতির একমাত্র শিশু সন্তান মো. সাদমান। থাকেন ঢাকার কামরাঙ্গীরচর এলাকায়। মি. সজীব চাকরি করেন একটি কাপড়ের দোকানে। মি. সজীব জানান, দিন দশেক আগে তীব্র জ্বরে আক্রান্ত হয় সাদমান। অসুস্থ অবস্থায় গত ১২ এপ্রিল তাকে নেওয়া হয় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে। সেখান থেকে ঔষধ দেওয়া হয়, করতে দেওয়া হয় কিছু টেস্টও। "আমাদের ঢাকা মেডিকেল থেকে বলছিল, যদি শরীরে র‍্যাশ ওঠে, তাহলে যেন হাম ডেডিকেটেড হাসপাতাল ভর্তি করাই। আমাদের ঢাকা মেডিকেল থেকে সুপারিশপত্রও দেওয়া হইছিল। বুধবার রাতে শরীরে র‍্যাশ দেখা দেয়। পরদিন বৃহস্পতিবার (১৬ এপ্রিল) সাদমানের মহাখালীর হামের হাসপাতালে ভর্তি করাই।" দাফনের পরদিন বিকেলেই একমাত্র শিশু সন্তানের কবরটি দেখতে কামরাঙ্গীচর থেকে আজিমপুরে ছুটছিলেন মা আফরিন মীম। তিনি জানান, মহাখালীর ডিএনসিসির হাসপাতালে ভর্তি করানোর পর প্রথম তিনদিন সাদমানকে রাখা হয়েছিল তিন তলার ওয়ার্ডে। পরবর্তীতে পরিস্থিতি আরো খারাপ হলে গেল রোববার, স্থানান্তর করা হয় আইসিইউতে। সাদমানের বাবা-মা দুইজনই বলছিলেন, গতকাল মঙ্গলবার সকালেই পরিস্থিতি আরো জটিল থাকে। মি. সজীব বিবিসি বাংলাকে বলেন, "গতকাল সকালে আমি বাসায় ছিলাম। ৯টার দিকে সাদমানের আম্মু হাসপাতাল থেকে ফোন করে বলে একটু জলদি আসেন, অক্সিজেন মাস্ক লাগানোর পর বাচ্চাটা ছটফট করতেছে। তখন তাড়াতাড়ি বাসা থেকে বের হয়ে আসি।" "আমি যখন হাসপাতালে এসে লিফটের কাছে দাঁড়াই, তখন আমার ছোটো বোন বলে, জলদি যা, ও কান্না করতেছে। আমি দ্রুত গিয়ে দেখি আমার সাদমান শুয়ে আছে। আর ওর আম্মু আর নানী কান্না করতেছে। তখনও আমি বুঝি নাই, আমার সাদমান আর নাই," বলছিলেন সাদমানের বাবা।

তারপর কী হলো?

বাসা থেকে হাসপাতালে এসে একমাত্র শিশু সন্তানের নিথর শরীরটি দেখে মি. সজীব তখনও বিশ্বাস করতে পারছিলেন না যে, ছেলেটি তার আর নেই। সাদমানের মা আফরিন মীম বিবিসি বাংলাকে বলেন, "ওর বাবা যখন এসে ছেলের এই অবস্থায় দেখে, তখন ওরে জড়ায়ে ধরে এমন কান্না করতেছিল, এক পর্যায়ে আমার ছেলের মুখ থেকেই পানি বের হচ্ছিল।" তিনি জানান, আইসিইউ বেডে সকাল ১০টার দিকেই মারা যায় সাদমান। তখন সেখানে তাদের কিছু আত্মীয়-স্বজন আসতে শুরু করে। দ্রুতই হাসপাতালে আসেন মীমের খালাতো বোনের মেয়ের স্বামী রেদোয়ান আহমেদ রাফি। মি. রাফি বিবিসি বাংলাকে বলেন, "১১টা কিংবা তার একটু আগে আমি হাসপাতালে গিয়েছিলাম। বাচ্চাটার বাবা তখন বারবার জ্ঞান হারাচ্ছিল। সে কারণে আমি দ্রুত বাচ্চাটাকে নিয়ে বের হইছিলাম। বের হওয়ার পর ব্রিজ দিয়ে (ফুট ওভার ব্রিজ) রাস্তা পার হইছি।" মি. রাফি যখন সাদমানের মরদেহ মহাখালীর ডিএনসিসি হাসপাতাল থেকে নিয়ে বের হচ্ছিলেন, তখন শিশুটির শরীর মোড়ানো ছিল একটি ধুসর রংয়ের চাদরে। ঠিক তখন সেখানে উপস্থিত হয়েছিলেন দৈনিক প্রথম আলো পত্রিকার ফটোসাংবাদিক খালেদ সরকার। তিনি এই শিশুটির মরদেহ নিয়ে যাওয়ার সময়কার কয়েকটি ছবি তুলেন এবং সেই ছবিগুলো প্রকাশিত হয় গতকাল মঙ্গলবারই। মূলত, সেই ছবিই ছড়িয়ে পড়ার পর অনেকে তা শেয়ার করে লিখেন- "হামে আক্রান্ত শিশুটি মারা যাওয়ার পর একটি অ্যাম্বুলেন্সও পাওয়া যায়নি।" অনেকে আবার লিখেন- "হামে মারা যাওয়া শিশুকে নিয়ে অভাগা এক পিতা।" ছবিটি নিয়ে বিভিন্ন মাধ্যমে অনেকে অনেক রকম গল্প ছড়াতে থাকে গত দুইদিনে।

ছবির ফটোগ্রাফার মি. সরকার বিবিসি বাংলাকে জানান, তিনি হাসপাতালের ভেতর ঢুকেছিলেন অফিসের অ্যাসাইনমেন্টে। সেখানে হাম আক্রান্তদের নিয়ে বিভিন্ন ছবি তোলার এক পর্যায়ে হাসপাতালের বাইরে আসেন। তখন

সেখানে তিনজন নারীকে কান্নারত অবস্থায় দৌড়াতে দেখেই ঐ ঘটনাটি ফলো করেন। মি. সরকার বলছিলেন, "হঠাৎ দেখি, তিনজন মহিলা দৌঁড়াচ্ছে। না বুঝেই দৌঁড় দিলাম তাদের পেছনে। গিয়ে দেখি, এক ভদ্রলোক এক বাচ্চার মরদেহ নিয়ে যাচ্ছে। তাকে ফলো করতে করতে দৌঁড়ালাম। তিনি মেইন রাস্তায় গেল। পরে ফুটওভার ব্রিজ পার হয়ে একটা সিএনজি নিল, গেল কামরাঙ্গীচরে।" সাদমানের আত্মীয় মি. রাফিও বিবিসি বাংলাকে জানান, তখন দুইজন ফটোগ্রাফার ছবি তুলেছেন এবং শিশুটি সম্পর্কে জানতে চেয়েছেন। তবে তখন সিএনজি খোঁজার ব্যস্ততায় তিনি খুব বেশি কিছু জানাতে পারেননি। যে কারণে ছড়িয়ে পড়া ছবির ক্যাপশনে অনেকে ভুল তথ্য ছড়াচ্ছেন বলেও জানান তিনি।

চিকিৎসায় অবহেলার অভিযোগ

প্রায় ছয়দিন হাসপাতালে ভর্তি থাকার পর মঙ্গলবার সকালে মো. সাদমান মারা যাওয়ার পর, তাদের পরিবারের পক্ষ থেকে চিকিৎসায় অবহেলার অভিযোগও তোলা হয়। শিশুটির মা আফরিন মীম বিবিসি বাংলাকে বলেন, "হাসপাতালের ভেতরের পরিবেশ ভালো থাকলেও, নার্সদের অবহেলা ছিল খুব বেশি। তারা খুব একটা কেয়ার করতো না।" প্রায় একই রকম অভিযোগ করেছেন, সাদমানের বাবা মো. সজীব। তিনি অভিযোগ করেন, হাসপাতাল কর্তৃপক্ষের সঠিক চিকিৎসার অভাব ছিল। মি. সজীব বলেন, "আমার ছেলের তীব্র জ্বর ছিল সব সময়। এই জ্বর নিয়ে তাদের কোনো মাথা ব্যথ্যাই ছিল না। তারা শুধু বলতো, জ্বর যদি ১০০ ডিগ্রির বেশি হয়, তাহলে প্যারাসিটামল খাওয়ান, সাপোজিটার দেন। আমরা ডাক্তারকে বলছিলাম জ্বরটা কমছে না, আপনারা এটা নিয়ে কিছু একটা করেন। কিন্তু তারা কাজের কাজ করতে পারেনি।" যদিও হাসপাতাল কর্তৃপক্ষ এই অভিযোগ অস্বীকার করে বলেছেন, তারা তাদের সর্বোচ্চ চিকিৎসা দিয়েছিলেন। কিন্তু শিশুটির রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যাওয়ার কারণে তারা শেষ পর্যন্ত শিশুটিকে বাঁচাতে পারেনি। হাসপাতালের প্রশাসনিক কর্মকর্তা ডা. আসিফ হায়দার বিবিসি বাংলাকে জানান, গত ১৬ মার্চ থেকে ডিএনসিসির এই হাসপাতালের হামের জন্য বিশেষ ইউনিট চালু করা হয়। এ পর্যন্ত ২ হাজার ২০০ রোগী ভর্তি হয়েছিল, যাদের মধ্যে মাত্র ১১জন মারা গেছে। তিনি বলেন, "সাদমান ১৬ এপ্রিল থেকে হাসপাতালে ভর্তি ছিল। যত দিন যাচ্ছিল, চিকিৎসায় রেসপন্স করছিল না। সেখানে তাকে আমরা ক্রিটিক্যাল কেয়ার ইউনিটে ভর্তি করাই। সর্বোচ্চ চিকিৎসা দিয়েছি। কিন্তু তার রোগ প্রতিরোধ ক্ষমতা এতই দুর্বল ছিল যে, ইনফেকশন কোনোভাবেই নিয়ন্ত্রণ করা যাচ্ছিল না।" "ইনফেকশন রক্তের মধ্যে ছড়িয়ে পড়েছিল। নিউমোনিয়ার পেশেন্ট শকে চলে গিয়েছিল। তারপরও আমরা আমাদের সর্বোচ্চ চেষ্টা করছিলাম। কিন্তু শেষ পর্যন্ত বাঁচানো যায়নি," বলছিলেন মি. হায়দার। শিশুটি হাসপাতালে মারা যাওয়ার পর সেখান থেকে বাসায় নেওয়ার জন্য কোনো অ্যাম্বুলেন্স পাওয়া যায়নি এমন তথ্যও কেউ কেউ গত দুইদিনে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়ালেও এই তথ্যের সত্যতা নেই বলে সাদমানের পরিবার ও হাসপাতাল কর্তৃপক্ষ উভয়েই জানিয়েছে বিবিসি বাংলাকে।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৪.২০২৬ নারগীস)

## ফরাসি শান্তিরক্ষী হত্যার ঘটনায় লেবাননের প্রেসিডেন্টের নিন্দা

দক্ষিণ লেবাননে জাতিসংঘের মিশন ইউনিফিলে হামলার ঘটনার কয়েকদিন পর আরও এক ফরাসি শান্তিরক্ষীর হত্যার ঘটনায় নিন্দা জানিয়েছেন লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউন। এর আগে, ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রঁ জানান, শনিবারের ওই হামলার পর আরও একজন ফরাসি নাগরিক মারা গেছেন। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্সে দেওয়া এক বিবৃতিতে তিনি এই ঘটনার জন্য লেবাননের সশস্ত্র গোষ্ঠী হেজবুল্লাহকে দায়ী করেন। তবে ইরান-সমর্থিত হেজবুল্লাহ এ ঘটনার সাথে জড়িত থাকার কথা অস্বীকার করেছে। আউনের কার্যালয় থেকে প্রকাশিত এক বিবৃতিতে বলা হয়, তিনি পুনরায় এই ঘটনার নিন্দা জ্ঞাপন করছেন এবং ফ্রান্স সরকার ও ইউনিফিল নেতৃত্বের প্রতি সমবেদনা জানাচ্ছেন। (বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ রুবাইয়া)

# এনএইচকে

## ইরানের সঙ্গে যুদ্ধবিরতির মেয়াদ বৃদ্ধি করেছেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন যে, ইরানের সঙ্গে যুদ্ধবিরতির সময়সীমা তিনি বাড়িয়ে নিয়েছেন। বুধবারের মূল সময়সীমাতে স্থির থাকার কথা সংবাদমাধ্যমকে জানানোর পর, মঙ্গলবার বিকেলে তিনি হঠাৎ এই ঘোষণা দেন। এরপর হোয়াইট হাউস বলেছিল যে, ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স শান্তি আলোচনার জন্য পাকিস্তান সফর স্থগিত রাখবেন। ট্রাম্প সামাজিক যোগাযোগ মাধ্যমে এরকম পোস্ট করেন যে, ইরানের নেতা ও প্রতিনিধিরা "একটি সমন্বিত প্রস্তাব নিয়ে আসতে না পারা পর্যন্ত" যুদ্ধবিরতির মেয়াদ তিনি বাড়িয়ে দেবেন। তিনি আরও বলেন যে, "তাদের প্রস্তাব জমা না দেওয়া পর্যন্ত এবং আলোচনা যেভাবেই হোক শেষ না হওয়া পর্যন্ত" এই যুদ্ধবিরতি বাড়ানো হবে। তিনি আরও বলেছেন ইরানি বন্দরের উপর অবরোধ অব্যাহত রাখতে তিনি সেনাবাহিনীকে নির্দেশ দিয়েছেন। ট্রাম্প বলেন, পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ ও সেনাপ্রধান আসিম মুনির ইরানের উপর হামলা চালানো থেকে বিরত থাকতে তাকে বলেছেন। তবে ইরানের তাসনিম সংবাদ সংস্থা জানায় যে, তেহরান মেয়াদ বাড়ানোর জন্য কোনো অনুরোধ করেনি। অনুরোধটি গ্রহণ করায় পাকিস্তানি নেতা ট্রাম্পকে ধন্যবাদ জানান। সামাজিক যোগাযোগ মাধ্যমে উল্লেখ করা

এক পোস্টে শরিফ বলেন, তিনি আশা করছেন উভয় পক্ষ যুদ্ধবিরতি মেনে চলবে এবং ইসলামাবাদে দ্বিতীয় দফার আলোচনায় একটি পূর্ণাঙ্গ শান্তি চুক্তিতে পৌঁছাতে পারবে।(এনএইচকে ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### শান্তি আলোচনা অনিশ্চিত, যুদ্ধবিরতির সময় বাড়ানোর ঘোষণা দিলেন ট্রাম্প

ডোনাল্ড ট্রাম্প বলেছেন, আরো শান্তি আলোচনার সুযোগ করে দিতে তিনি ইরানের সঙ্গে যুদ্ধবিরতি অনির্দিষ্টকালের জন্য বাড়াবেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে ট্রাম্প বলেন, পাকিস্তানের মধ্যস্থতাকারীরা অনুরোধ করেছেন ''ইরানের নেতা ও প্রতিনিধিরা একটি ঐক্যবদ্ধ প্রস্তাব নিয়ে না আসা পর্যন্ত এবং আলোচনা কোনো-না-কোনোভাবে শেষ না হওয়া পর্যন্ত যেন আমরা ইরানের ওপর হামলা স্থগিত রাখি,'' যুক্তরাষ্ট্র তাতে সম্মতি দিয়েছে। তবে ডোনাল্ড ট্রাম্প আরো বলেন, তিনি সমুদ্রপথে ইরানের বাণিজ্যে যুক্তরাষ্ট্রের বাধা অব্যাহত রাখবেন। ইরান মনে করে তা যুদ্ধকালীন পদক্ষেপ। ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের সঙ্গে সম্পৃক্ত তাসনিম নিউজ এজেন্সি জানিয়েছে, ইরান যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর অনুরোধ করেনি। গত সপ্তাহে অর্থনৈতিক অবরোধ ভাঙার চেষ্টা রুখে দেয়ার কথা বলে ইরানের একটি পণ্যবাহী জাহাজ আটক করে যুক্তরাষ্ট্র। এরপরই প্রতিশোধের অঙ্গীকার করে আপাতত শান্তি আলোচনায় যোগ দিতে অস্বীকৃতি জানায় তেহরান। এর ফলে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে ঘোষিত যুদ্ধবিরতির ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তা দেখা দেয়। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেন, ওয়াশিংটন দেখিয়ে দিয়েছে যে, কূটনৈতিক প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে তারা 'আন্তরিক নয়'। তিনি আরো জানান, জাতীয় স্বার্থ রক্ষার ক্ষেত্রে কোনো সময়সীমা বা চরমপত্রে বিশ্বাস করেন না তারা। বাঘাই বলেন, ''এখন পর্যন্ত আমাদের পরবর্তী দফা আলোচনার কোনো পরিকল্পনা নেই। এ বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।'' দুই সপ্তাহের যুদ্ধবিরতি শেষ হওয়ার আগে যুক্তরাষ্ট্র পাকিস্তানে যে শান্তি আলোচনা শুরুর উদ্যোগ নিয়েছে সে বিষয়ে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বলেন, যুক্তরাষ্ট্র ''কিছু অযৌক্তিক এবং অবাস্তব অবস্থানের ওপর জোর দিচ্ছে।''
(ডয়েচে ভেলে ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ রনি)

### বিস্ফোরক মামলায় শিশু সন্তানসহ আটক যুব মহিলা লীগ নেত্রী জামিনে মুক্ত

মোসাম্মাত শিল্পী বেগমকে দেড় মাস বয়সী সন্তানসহ গ্রেফতার করা হয় গত সোমবার। মঙ্গলবার রাতে মা এবং শিশুকে ঢাকা থেকে গাজীপুরের কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়। আদালত জামিন দেয়ায় আজ বুধবার দুপুর ১২টার দিকে কাশিমপুর কেন্দ্রীয় মহিলা কারাগার থেকে তার দেড় মাস বয়সি কন্যাসন্তান কাইফা ইসলামকে নিয়ে বেরিয়ে আসেন শিল্পী বেগম। কাশিমপুর কেন্দ্রীয় মহিলা কারাগারের জেলার শিরিন আক্তার ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলোকে বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে গতকাল মঙ্গলবার রাত ৮টার দিকে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালতের বিচারক মোস্তাফিজুর রহমান শিল্পী বেগমের জামিন মঞ্জুর করেন। রাজধানীর তেজগাঁও থানায় করা বিস্ফোরক আইনের একটি মামলায় তাকে গ্রেফতার করা হয়েছিল। মানবিক দিক বিবেচনায় নিয়ে আদালত তার জামিন মঞ্জুর করেন। আজ সকাল থেকেই শিল্পী বেগম ও তার সন্তানকে নিতে পরিবার ও রাজনৈতিক সহকর্মীরা কারাগারের সামনে ভিড় করেন। শিল্পী বেগম কারাগার থেকে বের হলে তাকে সহকর্মীরা বরণ করে নেন। তেজগাঁও এলাকার শ্রমিক লীগের নেতা আলমগীর হোসেন বলেন, ''শিল্পী আপা আমাদের এলাকার বড় বোন। তার সঙ্গে যে অন্যায় হয়েছিল, তা গণমাধ্যমে প্রচার হওয়ার পর আদালত মানবিক দিক বিবেচনা করে জামিন দিয়েছেন। আমরা আদালতের প্রতি কৃতজ্ঞ এবং আইনের প্রতি শ্রদ্ধাশীল।'' কারামুক্ত হওয়ার পর শিল্পী বেগম বলেন, ''আমাকে পুলিশ ধরতে চায়নি, বিএনপির লোকজন আমাকে ধরিয়ে দিয়েছে। আমি আওয়ামী লীগ করি; কিন্তু কোনো পদপদবি নেই। আমাকে মুক্তি দিয়েছে। এ জন্য আমি আইনের প্রতি, আদালতের প্রতি কৃতজ্ঞ।'' গত সোমবার রাতে 'গোপন সংবাদের ভিত্তিতে' তেজগাঁও থানার রেলওয়ে কলোনি স্টেশন রোডের নিজ বাসা থেকে শিল্পী বেগমকে গ্রেফতার করে পুলিশ। মঙ্গলবার রাতে দেড় মাস বয়সি শিশুসন্তানসহ তাকে কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়। কোলের শিশুসহ মায়ের কারাবাসের খবর গণমাধ্যমে প্রকাশিত হওয়ার পর সামাজিক যোগাযোগমাধ্যমে এ নিয়ে ব্যাপক আলোচনা-সমালোচনা হয়। (ডয়েচে ভেলে ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ রনি)

### ২০২৫ সালে ইইউতে অভিবাসনপ্রত্যাশীর সংখ্যা ২১ লাখ বেড়েছে

সেন্টার ফর রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস অন মাইগ্রেশন-এর তথ্য অনুযায়ী, ২০২৫ সালে ইউরোপীয় ইউনিয়নে অভিবাসনপ্রত্যাশীর সংখ্যা রেকর্ড পরিমাণ বেড়ে ৬ কোটি ৪২ লাখে পৌঁছেছে। আগের বছরের চেয়ে সংখ্যাটি প্রায় ২১ লাখ বেশি। বুধবার আরএফবিবার্লিনে প্রকাশিত সেন্টার ফর রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস অন মাইগ্রেশন-এর এক প্রতিবেদনে এ কথা বলা হয়। ইউরোস্ট্যাট এবং জাতিসংঘের শরণার্থী সংস্থা ইউএনএইচসিআর-এর তথ্য উদ্ধৃত করে প্রতিবেদনে বলা হয়, ২০১০ সালে এই সংখ্যাটি ছিল চার কোটি। ইইউ অঞ্চলের দেশগুলোর মধ্যে প্রায় এক কোটি ৮০ লাখ ভিন দেশে জন্ম নেয়া মানুষ নিয়ে জার্মানি রয়ে গেছে সবার ওপরে। এক কোটি ৮০ লাখের মধ্যে ৭২% মানুষ কাজ

করার উপযোগী বয়সের। অন্যদিকে স্পেনে সাম্প্রতিক সময়ে অভিবাসনপ্রত্যাশীর সংখ্যা বেড়েছে সবচেয়ে দ্রুত। প্রায় সাত লাখ নতুন বিদেশি বংশোদ্ভূত যোগ হওয়ায় সেখানে মোট সংখ্যা ৯৫ লাখে পৌঁছেছে।
(ডয়েচে ভেলে ওয়েব পেজ: ২২.০৪.২০২৬ রনি)

## তনু হত্যা মামলা: ১০ বছর পর সাবেক সেনাসদস্য গ্রেফতার

আদালত ঐ আসামির তিন দিনের রিমান্ড মঞ্জুর করেছেন বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলো। গ্রেপ্তার হাফিজুর রহমান (৫২) সেনাবাহিনীর সাবেক সিনিয়র ওয়ারেন্ট অফিসার। ২০২৩ সালে তিনি সেনাবাহিনী থেকে অবসরে যান। তনু হত্যাকাণ্ডের সময় তিনি কুমিল্লা সেনানিবাসে কর্মরত ছিলেন। গতকাল মঙ্গলবার ঢাকার কেরানীগঞ্জের নিজ বাসা থেকে হাফিজুর রহমানকে গ্রেফতার করে পিবিআই। আজ বুধবার বিকেলে তাকে কুমিল্লার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ১ নম্বর আমলি আদালতের বিচারক মো. মমিনুল হকের আদালতে হাজির করা হয়। মামলার তদন্ত কর্মকর্তা পিবিআইয়ের পরিদর্শক মো. তরিকুল ইসলাম গ্রেফতার হাফিজুরের সাত দিনের রিমান্ড আবেদন করেন। শুনানি শেষে আদালত তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন। আদালতে তনুর মা, বাবা ও ভাই উপস্থিত ছিলেন।

**তিন জনের ডিএনএর নমুনা মেলানোর আবেদন**

এর আগে ৬ এপ্রিল মুমিনুল হকের আদালতে হাজির হন মামলার তদন্তকারী কর্মকর্তা। আদালতের তলবের পরিপ্রেক্ষিতে তিনি আদালতে হাজির হন। এ সময় তিনি মামলার অগ্রগতি জানানোর পাশাপাশি হত্যাকাণ্ডে জড়িত সন্দেহে তিনজনের ডিএনএ নমুনা মেলানোর আবেদন করেন। আদালত তার আবেদনে সম্মতি দেন। ঐ তিনজনের একজন হলেন সিনিয়র ওয়ারেন্ট অফিসার হাফিজুর রহমান। অপর দুজন হলেন ঘটনার সময় কুমিল্লা সেনানিবাসে কর্মরত সার্জেন্ট জাহিদ ও সৈনিক শাহীন আলম। তারাও সেনাবাহিনী থেকে অবসরে আছেন।

**তনুর বাবার দাবি**

মামলার বাদী ও তনুর বাবা ইয়ার হোসেনের দাবি, সৈনিকের নাম শাহীন আলম নয়, জাহিদ হবে। তারা ঘটনার শুরু থেকেই নামগুলোর কথা বলে আসছেন। শাহীন নামে কোনো সৈনিকের কথা তারা তখন জানেননি, সৈনিক জাহিদের নামটি বারবার আলোচনায় এসেছে। তদন্ত কর্মকর্তা মো. তরিকুল ইসলাম প্রথম আলোকে বলেন, ''গতকাল কেরানীগঞ্জে অভিযান চালিয়ে হাফিজুর রহমানকে গ্রেফতার করা হয়েছে। তাকে তনু হত্যা মামলায় গ্রেফতার দেখিয়ে আজ কুমিল্লার আদালতে সাত দিনের রিমান্ড আবেদন করা হয়। শুনানি শেষে আদালত তিন দিনের রিমান্ড মঞ্জুর করেছেন। আমরা তাকে নিয়ে ঢাকায় ফিরে যাচ্ছি। রিমান্ডে জিজ্ঞাসাবাদ শেষে ডিএনএ পরীক্ষার প্রক্রিয়া অনুসরণ করা হবে।" প্রসঙ্গত, ২০১৬ সালের ২০ মার্চ সন্ধ্যায় কুমিল্লা সেনানিবাসের ভেতরে একটি বাসায় টিউশনি করতে গিয়ে আর বাসায় ফেরেননি তনু। পরে খোঁজাখুঁজি করে সেনানিবাসের পাওয়ার হাউসের অদূরে ঝোপের মধ্যে তনুর লাশ পাওয়া যায়। পরদিন তার বাবা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস সহায়ক (বর্তমানে অবসরপ্রাপ্ত) ইয়ার হোসেন অজ্ঞাতনামা আসামিদের বিরুদ্ধে কুমিল্লা কোতোয়ালি মডেল থানায় হত্যা মামলা করেন। ২০১৬ সালের ৪ এপ্রিল ও ১২ জুন দুই দফা ময়নাতদন্ত প্রতিবেদনে তনুর মৃত্যুর কারণ খুঁজে না পাওয়ার তথ্য জানায় কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালের ফরেনসিক বিভাগ। এই হত্যাকাণ্ডের শেষ ভরসা ছিল ডিএনএ রিপোর্ট। ২০১৭ সালের মে মাসে সিআইডি তনুর পোশাক থেকে নেওয়া নমুনার ডিএনএ পরীক্ষা করে তিনজন পুরুষের শুক্রাণু পাওয়ার কথা গণমাধ্যমকে জানায়। এ ছাড়া তনুর মায়ের সন্দেহ করা তিনজনকে ২০১৭ সালের ২৫ থেকে ২৭ অক্টোবর পর্যন্ত সিআইডির একটি দল ঢাকা সেনানিবাসে জিজ্ঞাসাবাদ করে। তবে ঐ সময় তাদের নাম গণমাধ্যমকে জানায়নি সিআইডি।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৪.২০২৬ রনি)

# জাগো নিউজ

## ইদের আগে গভীর রাত পর্যন্ত দোকান খোলা রাখতে চান ব্যবসায়ীরা

মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রভাবে দেশে সৃষ্ট হওয়া জ্বালানি সংকট মোকাবিলায় এপ্রিলের শুরুতে প্রথমে সন্ধ্যা ৬টার মধ্যে শপিংমল ও দোকানপাট বন্ধের নির্দেশনা দেওয়া হয়। পরে ব্যবসায়ীদের দাবির পরিপ্রেক্ষিতে তা বাড়িয়ে সন্ধ্যা ৭টা পর্যন্ত করা হয়। তবে এর প্রভাবে বৈশাখের বেচাকেনায় ব্যাপক ধস নামে। সে অভিজ্ঞতা থেকে কোরবানি ইদের আগে আগে দুপুরে খুলে গভীর রাত পর্যন্ত দোকানপাট খুলে রাখতে চান ব্যবসায়ীরা। দোকান মালিক সমিতির দাবি অনুযায়ী, এবার বৈশাখে ২০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত পণ্য অবিক্রিত রয়ে গেছে। বৈশাখে এবার ২০ হাজার কোটি টাকার পণ্য বিক্রির লক্ষ্য থাকলেও বেচাকেনা হয়েছে মাত্র ৭ হাজার কোটি টাকার। বিক্রিতাদের দাবি, সরকারের এই সিদ্ধান্তে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের বেচাকেনা অন্তত ৫০ শতাংশ কমে গেছে। এমন পরিপ্রেক্ষিতে ব্যবসায়ীরা এখনো দোকান বন্ধের সময় রাত ৯টা কিংবা ১০টা পর্যন্ত করার দাবি জানিয়ে আসছেন। আর কোরবানির ইদের আগের এক মাসের প্রথম ১৫ দিনে রাত ১০টা পর্যন্ত ও ইদের আগের ১৫ দিন গভীর রাত অর্থাৎ ১২টা থেকে ১টা পর্যন্ত দোকানপাট খোলা রাখার দাবি জানিয়েছেন ব্যবসায়ীরা। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## জুলাই থেকে প্রাথমিকের শিক্ষার্থীদের পাটের ব্যাগ-পোশাক দেবে সরকার

আগামী জুলাই মাস থেকে দেশের প্রতিটি উপজেলায় দুটি করে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের বিনামূল্যে পাটের তৈরি ব্যাগ ও স্কুলের পোশাক দেওয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টা মাহদী আমিন। বুধবার (২২ এপ্রিল) সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে শিক্ষার্থীদের স্কুল ব্যাগ ও পোশাক বিতরণ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা, বস্ত্র ও পাট এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের বৈঠক শেষে উপদেষ্টা সাংবাদিকদের এ কথা জানান। তিনি বলেন, আজ আমরা মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করে এখানে এসেছি। সেখানে আমাদের একটা সিদ্ধান্ত হয়েছে- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়; তিন মন্ত্রণালয়ের সম্মিলিত উদ্যোগে আমরা ইনশাআল্লাহ জুলাই মাস থেকে আমাদের কোমলমতি শিক্ষার্থীদের কাছে দেশীয় পণ্য পৌঁছে দেওয়ার লক্ষ্যে দেশব্যাপী পর্যায়ক্রমে পাটজাত ব্যাগ এবং স্কুল ড্রেস পৌঁছে দেবো। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## ৩৬ টাকা কেজিতে ধান, ৪৯ টাকায় সিদ্ধ চাল কিনবে সরকার

আগামী ৩ মে থেকে চলতি বোরো মৌসুমের ১৮ লাখ টন ধান-চাল ও ৫০ হাজার গম সংগ্রহ শুরু করবে সরকার। এ বছর প্রতি কেজি ৩৬ টাকা দরে বোরো ধান, ৪৯ টাকা দরে সিদ্ধ চাল, ৪৮ টাকা দরে আতব চাল এবং ৩৬ টাকা দরে গম কেনা হবে। বুধবার (২২ এপ্রিল) খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির (এফপিএমসি) সভা শেষে সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়। এবার এফপিএমসি সভায় স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সভাপতিত্ব করেন। সভা পরবর্তী সংবাদ সম্মেলনও হয় তথ্য অধিদফতরের সভা কক্ষে। এ সময় খাদ্য প্রতিমন্ত্রী আব্দুল বারীও উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ৩ মে থেকে ৩১ আগস্ট পর্যন্ত বোরো ধান ও গম সংগ্রহ করা হবে। ১৫ মে থেকে ৩১ আগস্ট পর্যন্ত চাল সংগ্রহ। তিনি বলেন, দেশে এখন পর্যাপ্ত চালের মজুত রয়েছে। এখন সরকারি গুদামে ১৭-১৮ লাখ টন চাল মজুত আছে। তিনি বলেন, এছাড়া বোরো মৌসুমে ৫ লাখ টন ধান, ১২ লাখ টন সিদ্ধ চাল, ১ লাখ টন আতব চাল কেনা হবে। পাশাপাশি এবার ৫০ হাজার টন গম কেনা হবে। গত বছরও একই দামে বোরো ধান-চাল সংগ্রহ করে বিগত সরকার। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## সরকারের সিদ্ধান্তের আগ পর্যন্ত বাস ভাড়া বৃদ্ধি না করার নির্দেশনা

জ্বালানি তেলের মূল্য বৃদ্ধির পর ঢাকাসহ সারা দেশে গণপরিবহনে অঘোষিতভাবে ভাড়া বাড়িয়েছেন বাসচালক ও তাদের সহকারীরা। এ নিয়ে তাদের সঙ্গে যাত্রীদের বাগবিতণ্ডা প্রায় ঘটছে। এমন পরিস্থিতিতে সরকারিভাবে সিদ্ধান্ত না দেওয়া পর্যন্ত বাস ভাড়া বৃদ্ধি না করার নির্দেশনা দিয়েছেন বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির মহাসচিব মো. সাইফুল আলম। মঙ্গলবার (২১ এপ্রিল) রাতে এক বিবৃতিতে পরিবহন মালিকদের এ নির্দেশনা দিয়েছেন তিনি। বিবৃতিতে বলা হয়, সরকার কর্তৃক বাস ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত না দেওয়া পর্যন্ত বর্তমান ভাড়ার চেয়ে বেশি না নেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। সেই সঙ্গে ডিজেলের মূল্য লিটার প্রতি ১৫ টাকা বৃদ্ধি এবং ডলারের মূল্য বৃদ্ধির কারণে গাড়ির মেইনটেন্যান্স খরচের বিষয়টি বিবেচনায় নিয়ে দ্রুত সময়ে ভাড়া সমন্বয় করার জন্য সরকারের প্রতি বিশেষ আহ্বান ও দাবি জানিয়েছেন সাইফুল আলম। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর অফিসে **দুপুরের খাবার ও বিকেলের নাস্তার বাজেট ১৫০ টাকা**

প্রধানমন্ত্রীর অফিসে দুপুরের খাবার ও বিকেলের নাস্তা মিলিয়ে মোট বাজেট নির্ধারণ করা হয়েছে ১৫০ টাকা, এমন তথ্য জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। বুধবার (২২ এপ্রিল) এক ফেসবুক পোস্টে তিনি এ তথ্য জানান। নিউজপেপার্স ওনার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (নোয়াব) প্রতিনিধিদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠকে খাবারের বাজেট বিষয়ে এ তথ্য জানান তিনি। এর আগে, গতকাল মঙ্গলবার নোয়াব প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সচিবালয়ে প্রধানমন্ত্রীর দপ্তরে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে নোয়াবের প্রতিনিধিরা সংবাদপত্র শিল্পের বর্তমান সংকট, অর্থনৈতিক চাপ, গণমাধ্যমের স্বাধীনতা এবং সাংবাদিকদের বিরুদ্ধে মামলা সংক্রান্ত বিষয়সহ বিভিন্ন ইস্যু তুলে ধরেন। তিন মাস অন্তর এমন বৈঠক আয়োজনের বিষয়ে প্রধানমন্ত্রী সম্মতি দিয়েছেন বলে বৈঠক শেষে জানান তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী। প্রধানমন্ত্রীর সঙ্গে নোয়াব প্রতিনিধিদের বৈঠক হয় দুপুরে। এ সময় গণমাধ্যমের প্রতিনিধিরা প্রধানমন্ত্রীর দপ্তরে মধ্যাহ্নভোজে অংশ নেন। খাবারের মেন্যু কী ছিল সে সম্পর্কে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। বুধবার (২২ এপ্রিল) এক ফেসবুক পোস্টে তিনি লিখেছেন, 'নোয়াব প্রতিনিধিদের সঙ্গে প্রধানমন্ত্রীর মতবিনিময়ের সময় লাঞ্চের মেন্যুতে ছিল ভাত, ছোট চিংড়ি দিয়ে লাউ, ঢেঁড়শ ভাজি, ডিম সেদ্ধ রান্না, ডাল ও দই।' তিনি আরও লেখেন, 'প্রধানমন্ত্রীর অফিসে দুপুরের খাবার ও বিকেলের নাস্তা মিলিয়ে মোট বাজেট নির্ধারণ করা হয়েছে ১৫০ টাকা, যা আগে ছিল এর পাঁচ গুণেরও বেশি।'
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## বেতন কমিশনের প্রতিবেদনের বিষয়ে সুপারিশ দিতে কমিটি পুনর্গঠন

জাতীয় বেতন কমিশন, ২০২৫', 'বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন, ২০২৫' এবং 'সশস্ত্র বাহিনী বেতন কমিটি, ২০২৫' এর প্রতিবেদন সংক্রান্ত সুপারিশ প্রণয়ন কমিটি পুনর্গঠন করেছে সরকার। মঙ্গলবার (২১ এপ্রিল) এ কমিটি

পুনর্গঠন করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ১০ সদস্যের পুনর্গঠিত কমিটির আহ্বায়ক মন্ত্রিপরিষদ সচিব। কমিটির সদস্যরা হলেন-প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্যসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব, অর্থসচিব, আইন ও বিচার বিভাগের সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব, স্বাস্থ্যসেবা বিভাগের সচিব, হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ)। এ কমিটি জাতীয় বেতন কমিশন, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পে-কমিশন এবং সশস্ত্র বাহিনী বেতন কমিটির দাখিল করা প্রতিবেদনগুলোর বেতন-সম্পর্কিত বিষয়াদি পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী কার্যক্রম সংক্রান্ত সুপারিশ প্রণয়ন করবে। কমিটি যথাসময়ে সরকারের কাছে প্রতিবেদন জমা দেবে। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা করবে এবং কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## মোবাইল ফোনের সহজলভ্যতায় সাধারণ মানুষই এখন 'সিটিজেন জার্নালিস্ট'

মোবাইল ফোনের সহজলভ্যতায় সাধারণ মানুষই এখন 'সিটিজেন জার্নালিস্ট' হিসেবে আবির্ভূত হচ্ছেন বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। গণমাধ্যমে জেন্ডার সংবেদনশীলতা নিশ্চিতের আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, কনটেন্ট ক্রিয়েটরদের ক্রমবর্ধমান প্রভাব নতুন চ্যালেঞ্জ তৈরি করছে। যাচাই-বাছাই ছাড়া তথ্য প্রচারের কারণে সমাজে বিশৃঙ্খলার ঝুঁকি বাড়ছে। এসব বিষয়ের সমাধানে অংশীজনদের সঙ্গে আলোচনা করেই সিদ্ধান্ত নিতে চায় সরকার। বুধবার (২২ এপ্রিল) প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশ (পিআইবি) মিলনায়তনে জেন্ডার সংবেদনশীলতা বিষয়ক ম্যানুয়ালের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তথ্যমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## অপতথ্য প্রতিরোধে ইউনেস্কোর সহযোগিতা চাইলেন তথ্যমন্ত্রী

অপতথ্য প্রতিরোধে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থার (ইউনেস্কো) সহযোগিতা কামনা করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন। বুধবার (২২ এপ্রিল) সচিবালয়ে তথ্যমন্ত্রীর কার্যালয়ে তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত ইউনেস্কোর প্রতিনিধি ড. সুসান ভাইজ। এসময় তথ্যমন্ত্রী এ সহযোগিতা কামনা করেন। নতুন যুগের চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর রোডম্যাপ প্রণয়নে ইউনেস্কোর সহযোগিতা চেয়ে তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেন, বাংলাদেশের গণমাধ্যম খাতের বিভিন্ন ক্ষেত্রে ইউনেস্কোর সঙ্গে সরকারের যৌথভাবে কাজ করার ব্যাপক সুযোগ রয়েছে। বিশেষ করে দ্রুত পরিবর্তনশীল বৈশ্বিক প্রেক্ষাপটে গণমাধ্যমের সক্ষমতা বাড়াতে একটি সুসংগঠিত রোডম্যাপ প্রণয়ন জরুরি। এসময় ইউনেস্কোর প্রতিনিধি বাংলাদেশে সংস্থাটির চলমান কার্যক্রম সম্পর্কে মন্ত্রীকে অবহিত করেন। তিনি জানান, গণমাধ্যম উন্নয়ন, সংশ্লিষ্ট নীতিমালা প্রণয়ন এবং ভুলতথ্য ও অপতথ্য প্রতিরোধে ইউনেস্কো সক্রিয়ভাবে কাজ করছে। ড. সুসান ভাইজ বলেন, বর্তমান সময়ে অপপ্রচারের বিস্তার রোধে ফ্যাক্ট-চেকিং কার্যক্রম জোরদারে সংস্থাটি বিভিন্ন উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচিও পরিচালনা করা হচ্ছে। তথ্যমন্ত্রী অপতথ্য প্রতিরোধে ফ্যাক্ট-চেকিং প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ করেন এবং এক্ষেত্রে ইউনেস্কোর সহযোগিতা কামনা করেন। জবাবে ইউনেস্কোর প্রতিনিধি সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## কক্সবাজার -২ ও ঝালকাঠি-১ আসনের ব্যালট সংরক্ষণের নির্দেশ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝালকাঠি-১ ও কক্সবাজার-২ আসনের ভোটের ফল চ্যালেঞ্জ করে জামায়াতে ইসলামীর দুই প্রার্থীর আবেদন শুনানির জন্য গ্রহণ করেছেন হাইকোর্ট। একইসঙ্গে ঐ দুই আসনের ব্যালটসহ প্রয়োজনীয় সরঞ্জামাদি সংরক্ষণের নির্দেশ দিয়েছেন আদালত। বুধবার (২২ এপ্রিল) হাইকোর্টের বিচারপতি মো. জাকির হোসেনের একক বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির। ঝালকাঠি-১ আসনে বিজয়ী হয়েছেন বিএনপি প্রার্থী রফিকুল ইসলাম জামাল, এই আসনে জামায়াতের প্রার্থী ফয়জুল হক ভোটের ফল চ্যালেঞ্জ করেছেন। অপরদিকে, কক্সবাজার-২ আসনে বিজয়ী হয়েছেন বিএনপি প্রার্থী আলমগীর মুহাম্মদ মাহফুজ উল্লাহ ফরিদ। এই আসনে জামায়াতের প্রার্থী এএইচএম হামিদুর রহমান আযাদ ভোটের ফল চ্যালেঞ্জ করেছেন। এর আগে অর্ধশতাধিক প্রার্থী হাইকোর্টে আবেদন করেন। শুনানির জন্য আবেদনগুলো গ্রহণ করে ঐ সব আসনের ব্যালটসহ প্রয়োজনীয় সরঞ্জামাদি সংরক্ষণের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। গণপ্রতিনিধিত্ব আদেশের ৪৯ ধারা অনুযায়ী নির্বাচনে অনিয়মের বিরুদ্ধে আবেদনের শুনানির জন্য নির্বাচনি ট্রাইব্যুনাল কাজ করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## তনু হত্যা: ১০ বছর পর এক আসামি গ্রেফতার

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্রী ও নাট্যকর্মী সোহাগী জাহান তনু হত্যা মামলার ১০ বছর পর হাফিজুর রহমান নামে সেনাবাহিনীর সাবেক এক ওয়ারেন্ট অফিসারকে গ্রেফতার করেছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই)। পরে তাকে কুমিল্লা আদালতে হাজির করা হলে ৩ দিনের রিমান্ডে দেন আদালত। বুধবার (২২ এপ্রিল) বিকালে কুমিল্লার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোমিনুল হক এ আদেশ দেন। পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) তদন্ত কর্মকর্তা তারিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার (২১ এপ্রিল)

রাতে রাজধানীতে অভিযান চালিয়ে হাফিজুর রহমানকে তার বাসভবন থেকে গ্রেফতার করা হয়। পরে বুধবার বিকেলে তাকে কুমিল্লার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে সাতদিনের রিমান্ড আবেদন করা হয়। পরে বিচারক মোমিনুল হক তিনদিনের রিমান্ড মঞ্জুর করেন। এসময় আদালতে নিহত তনুর বাবা ইয়ার হোসেন, মা আনোয়ারা বেগম ও ছোট ভাই রুবেল হোসেন উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

**গণঅভ্যুত্থানের মামলায় ঢালাও আসামি, সুষ্ঠু বিচার নিয়ে শঙ্কা**

জুলাই গণঅভ্যুত্থানকালে হতাহতের ঘটনায় হওয়া অধিকাংশ মামলা এখন রয়েছে বিচারিক প্রক্রিয়ায়। তবে এলোপাতাড়িভাবে করা এ বিপুলসংখ্যক মামলায় ঢালাও আসামি থাকায় সুষ্ঠু বিচার পাওয়া নিয়ে শঙ্কা তৈরি হয়েছে। সেই সঙ্গে তদন্ত, সাক্ষ্য-প্রমাণ ও রাষ্ট্রপক্ষের প্রস্তুতির বিষয়ে নানা প্রশ্ন উঠেছে। অনেক মামলায় ঘটনার বর্ণনা ও স্থান নিয়ে রয়েছে অসঙ্গতির অভিযোগ। এ আন্দোলনকে কেন্দ্র করে শুধু ঢাকা মহানগরীতে মামলা হয়েছে সাত শতাধিক। যেখানে হাজার হাজার আসামির মধ্যে একটি বড় অংশের বিরুদ্ধে প্রাথমিকভাবে অভিযোগের কোনো প্রমাণ মেলেনি বলে তদন্ত প্রতিবেদনে উঠে এসেছে। পাশাপাশি নিহত ও আহতের সংখ্যা নিয়েও বিভিন্ন সংস্থা ও সূত্রে ভিন্ন তথ্য রয়েছে। তবে রাষ্ট্রপক্ষ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বলছে, তারা দ্রুত বিচার নিশ্চিত করতে কাজ করছে এবং নিরপরাধ কেউ যেন হয়রানির শিকার না হয় সে বিষয়েও ব্যবস্থা নেওয়া হচ্ছে। ফৌজদারি কার্যবিধি অনুযায়ী তদন্ত চলাকালে নিরপরাধ ব্যক্তিদের অন্তবর্তী প্রতিবেদনের ভিত্তিতে অব্যাহতি দেওয়ার সুযোগ রাখা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

**১৪ বছরে ২৩৪ বিলিয়ন ডলার পাচার হয়েছে: সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বিগত ১৪ বছরে (২০০৯-২০২৩) দেশ থেকে অবৈধ অর্থপাচারের পরিমাণ ২৩৪ বিলিয়ন মার্কিন ডলার। এসব অর্থপাচারের ঘটনায় সবচেয়ে ১১টি মামলা গুরুত্বপূর্ণ বলে ধরা হচ্ছে। এরই মধ্যে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের সভাপতিত্বে একটি আন্তঃসংস্থা টাস্কফোর্স গঠন করা হয়। উক্ত টাস্কফোর্স থেকে চিহ্নিত ও অগ্রাধিকারপ্রাপ্ত ১১টি মামলায় পাচার হওয়া অর্থ পুনরুদ্ধারের জন্য আইনি প্রক্রিয়া চলমান রয়েছে। বুধবার জাতীয় সংসদে মো. কামরুজ্জামানের (মুন্সিগঞ্জ-৩) এক লিখিত প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, মামলার ১১ আসামির মধ্যে রয়েছে (১) সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার পরিবার ও তাদের স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান, (২) সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী ও তার স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান, (৩) এস আলম গ্রুপ ও এর স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান, (৪) বেক্সিমকো গ্রুপ ও এর স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান, (৫) সিকদার গ্রুপ ও এর স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান, (৬) বসুন্ধরা গ্রুপ ও এর স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান, (৭) নাসা গ্রুপ ও এর স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান, (৮) ওরিয়ন গ্রুপ ও এর স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান, (৯) নাবিল গ্রুপ ও এর স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান, (১০) এইচ বি এম ইকবাল, তার পরিবার ও তাদের স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান এব সামিট গ্রুপ ও এর স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান। প্রধানমন্ত্রী বলেন, অন্তর্বর্তী সরকারের গঠিত শ্বেতপত্র প্রণয়ন কমিটির তথ্যমতে ২০০৯ থেকে ২০২৩ সালের মধ্যে বাংলাদেশ থেকে অবৈধ অর্থ প্রবাহের পরিমাণ আনুমানিক ২৩৪ বিলিয়ন মার্কিন ডলার। পাচার করা অর্থ ফেরৎ আনার বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, পাচারকরা অর্থ একাধিক দেশে স্থানান্তরিত হওয়ার অভিযোগ থাকায় তা উদ্ধারে সংশ্লিষ্ট দেশগুলোর সঙ্গে তথ্য বিনিময়, সম্পদ শনাক্তকরণ এবং পারস্পরিক আইনগত সহায়তা জোরদার করা হচ্ছে। তিনি জানান, অর্থপাচারের গন্তব্য দেশসমূহের মধ্যে প্রাথমিকভাবে চিহ্নিত ১০ দেশের মধ্যে ৩টি দেশ (মালয়েশিয়া, হংকং এবং সংযুক্ত আরব আমিরাত) চুক্তি সইয়ের বিষয়ে সম্মতি পাওয়া গেছে। অন্য সাত দেশের সঙ্গে চুক্তি সইয়ের বিষয়টি প্রক্রিয়াধীন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

**সুনামগঞ্জে আগাম বন্যার শঙ্কা, আধা-পাকা ধান নিয়েই ঘরে ফিরছেন কৃষক**

সুনামগঞ্জের হাওরাঞ্চলে সময়ের চাকা যেন কৃষকের প্রতিকূলে ঘুরছে। অতিবৃষ্টি আর বজ্রপাতের আতঙ্ক পেরিয়ে যখন ধান ঘরে তোলার স্বপ্নে বিভোর কৃষকরা, তখনই নতুন আপদ হিসেবে দেখা দিয়েছে আগাম বন্যার শঙ্কা। নদ-নদীর পানি দ্রুত বৃদ্ধি পাওয়ায় ফসল হারানোর ভয়ে আধা-পাকা ধানই কেটে ঘরে তুলছেন দুশ্চিন্তাগ্রস্ত কৃষকরা। স্থানীয় সূত্রে জানা গেছে, চলতি মৌসুমে সুনামগঞ্জের কৃষকদের একের পর এক বিপর্যয়ের মুখোমুখি হতে হচ্ছে। মে মাসের শুরু থেকে জলাবদ্ধতা এবং গত ১৮ এপ্রিল বজ্রপাতে পাঁচ কৃষকের মৃত্যুর ঘটনায় হাওরে ধান কাটা ব্যাহত হয়। সেই রেশ কাটতে না কাটতেই এখন সুরমা, কুশিয়ারা ও বৌলাইসহ প্রধান নদ-নদীর পানি বাড়তে থাকায় হাওরজুড়ে বন্যার আতঙ্ক ছড়িয়ে পড়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

**হামের উপসর্গ নিয়ে আরও পাঁচজনের মৃত্যু**

সারাদেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও পাঁচজনের মৃত্যু হয়েছে। বুধবার (২২ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হামে আক্রান্ত হয়ে মোট ৩৮ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১৯০ জনে। এ সময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়েছেন ৩ হাজার ৯৩৪ জন। পাশাপাশি সন্দেহভাজন আক্রান্তের সংখ্যা ২৭ হাজার ১৬৪ জন। এ ছাড়া হাম সন্দেহে এখন পর্যন্ত

হাসপাতালে ভর্তি হয়েছেন ১৭ হাজার ৯৯৮ জন। তাদের মধ্যে চিকিৎসা শেষে ১৪ হাজার ৮৯২ জন হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

**চিফ হুইপের দাবির পর ফ্যাসিস্ট আমলের সার ডিলার বদলের প্রতিশ্রুতি**

ফ্যাসিস্ট আমলের সার ডিলারদের বাদ দিয়ে নতুন ডিলার নিয়োগের প্রতিশ্রুতি দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (২২ এপ্রিল) জাতীয় সংসদে অনির্ধারিত আলোচনায় চিফ হুইপ নুরুল ইসলামের এ সংক্রান্ত দাবির প্রেক্ষিতে সংসদ নেতা এ প্রতিশ্রুতি দেন। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে অধিবেশন শুরু হয়। প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্ব শেষ হওয়ার পর ফ্লোর নিয়ে চিফ হুইপ নুরুল ইসলাম বলেন, ফ্যাসিস্ট সরকারের আমলে সার সরবরাহের জন্য যে ডিলার নিয়োগ দেওয়া হয়েছিল, তারা এখনো বহাল তবিয়তে রয়েছে। ঐ ডিলাররা সার উত্তোলন করছেন না এবং কৃত্রিম সংকট তৈরির চেষ্টা করছেন। তিনি বলেন, সংসদের পক্ষ থেকে আমি সংসদ নেতা প্রধানমন্ত্রীকে অনুরোধ করব—সেই ডিলারদের বাতিল করে নতুন করে ডিলার নিয়োগ দেওয়ার জন্য, যাতে ফ্যাসিস্টরা বিচ্ছিন্ন হয় এবং কৃষকরা ন্যায্যমূল্যে সার পায়। এ সময় সংসদ সদস্যরা টেবিলে চাপড় দিয়ে তার বক্তব্যের প্রতি সমর্থন জানান। জবাবে প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান বলেন, পুরো সংসদ বিষয়টিকে স্বাগত জানিয়েছে। সংসদের সম্মতি থাকলে সরকার শিগগিরই এ বিষয়ে ব্যবস্থা নেবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

**নওগাঁয় একই পরিবারের ৪ জনকে হত্যার ঘটনায় গ্রেফতার ৩**

নওগাঁর নিয়ামতপুরে একই পরিবারের চারজনকে গলাকেটে হত্যার ঘটনায় ৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে হত্যার সময় ব্যবহৃত ধারালো হাসুয়া এবং ছোরা উদ্ধার করা হয়েছে। জমি ভাগ বাটোয়ারার সূত্র ধরেই পরিকল্পিতভাবে এ হত্যাকাণ্ড চালানো হয়েছে বলে জানিয়েছেন নওগাঁর পুলিশ সুপার মোহাম্মদ তারিকুল ইসলাম। বুধবার (২২ এপ্রিল) বিকেল ৩টায় জেলা পুলিশের সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে পুলিশ সুপার এসব তথ্য জানান। গ্রেফতারকৃতরা হলেন- নিহত হাবিবুর রহমানের ভাগনা সবুজ রানা (২৫), দুলাভাই শহিদুল ইসলাম এবং তার ছেলে শাহিন মণ্ডল। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

**৩০ জেলায় মেডিকেল কলেজ স্থাপন করা হবেঃ সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, বর্তমানে দেশের ৩৪টি জেলায় ৩৭টি সরকারি মেডিকেল কলেজ রয়েছে। বাকি ৩০ জেলায় কোনো সরকারি মেডিকেল কলেজ নেই। এসব জেলায় মেডিকেল কলেজ স্থাপনের সম্ভাব্যতা যাচাই করা হচ্ছে। বুধবার (২২ এপ্রিল) জাতীয় সংসদে সরকারদলীয় সংসদ সদস্য (এমপি) লুৎফুর রহমানের প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। মন্ত্রী বলেন, ৩০ জেলায় মেডিকেল কলেজ স্থাপন করা হবে। জেলাগুলো হল—নারায়ণগঞ্জ, নরসিংদী, মুন্সীগঞ্জ, রাজবাড়ি, শরীয়তপুর, মাদারীপুর, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, লক্ষ্মীপুর, খাগড়াছড়ি, বান্দরবান, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, বাগেরহাট, ঝিনাইদহ, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, পিরোজপুর, ঝালকাঠি, বরগুনা, মৌলভীবাজার, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও ও শেরপুর। তবে মুন্সিগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, ঠাকুরগাঁও, নাটোর, নরসিংদী, ভোলা, শেরপুর এবং লক্ষ্মীপুর জেলায় সরকারি মেডিকেল কলেজ স্থাপনের সম্ভাব্যতা যাচাই করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

**চিকিৎসকদের নিরাপত্তায় ৫০০ হাসপাতালে মোতায়েন হচ্ছে আনসার**

চিকিৎসকদের নিরাপত্তায় দেশের ৫০০ হাসপাতালে অস্ত্রসহ ১০ জন করে আনসার সদস্য মোতায়েনের ঘোষণা দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। সম্প্রতি কয়েকটি হাসপাতালে চিকিৎসকের ওপর হামলার ঘটনায় এ ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানান স্বাস্থ্যমন্ত্রী। বুধবার (২২ এপ্রিল) দুপুরে রাজধানীর শাহবাগে বাংলাদেশ-চীন জয়েন্ট সার্জিক্যাল ক্লিনিক চালুর লক্ষ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। হামের টিকা প্রসঙ্গে স্বাস্থ্যমন্ত্রী বলেন, দেশে আগামী ছয় মাসের টিকা মজুত আছে। পরবর্তী ছয় মাস এটি দিতে কোনো সমস্যা হবে না। যক্ষাসহ কোনো ধরনের টিকার সংকট নেই। লোকবল সংকট নিরসনে শিগগিরই এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ দেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

**চট্টগ্রাম বন্দর বিদেশিদের হাতে দেওয়ার পরিকল্পনা নেইঃ নৌ পরিবহন মন্ত্রী**

চট্টগ্রাম বন্দর বিদেশি কোনো অপারেটরের হাতে তুলে দেওয়ার পরিকল্পনা নেই বলে জানিয়েছেন নৌ পরিবহন মন্ত্রী শেখ রবিউল আলম। বুধবার (২২ এপ্রিল) জাতীয় সংসদে লক্ষ্মীপুর-১ আসনের বিএনপি দলীয় সংসদ সদস্য শাহাদাত হোসেনের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। নৌপরিবহন মন্ত্রী বলেন, পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) অথবা সরকার অনুমোদিত ব্যবস্থার আওতায় কেবল বন্দরের টার্মিনাল পরিচালনার জন্য অপারেটর নিয়োগ দেওয়া হয়। এক্ষেত্রে দেশি ও বিদেশি— উভয় ধরনের অপারেটরই বিবেচনায় নেওয়া হয়। শেখ রবিউল আলম বলেন, দেশের আমদানি-রপ্তানি বাণিজ্যের ধারাবাহিক অগ্রগতি ও বন্দরের আধুনিকায়নের সঙ্গে তাল মিলিয়ে চট্টগ্রাম বন্দরের সক্ষমতা বাড়াতে দেশি ও বিদেশি

অপারেটরদের মাধ্যমে বিভিন্ন টার্মিনাল পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, এরই মধ্যে বন্দরের পতেঙ্গা কনটেইনার টার্মিনাল একটি বিদেশি অপারেটর দ্বারা পরিচালিত হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## চলতি বছরেই ২ লাখ শিশুকে বিনামূল্যে স্কুল ড্রেস দেওয়া হবে: প্রধানমন্ত্রী

চলতি বছরেই প্রাথমিক বিদ্যালয়ের দুই লাখ শিশুকে বিনামূল্যে স্কুল ড্রেস দেওয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার (২২ এপ্রিল) জাতীয় সংসদে কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য আবুল কালামের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এ কথা বলেন। নড়াইল-২ আসনের আতাউর রহমানের এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, এই কাজটি করার জন্যই আমরা কৃষক কার্ড দিয়েছি। এটা হলে কৃষকদের আর দীর্ঘ পথ পাড়ি দিতে হবে না। সরাসরি (প্রণোদনা) তার কাছে পৌঁছে যাবে। ঐ কৃষকের জমির বিবেচনায় সার-বীজের প্রয়োজনীয় সব তথ্য সরকারের কাছে থাকবে। স্থানীয় নির্দিষ্ট দোকান থেকে তার জন্য বরাদ্দকৃত সার-বীজ-কীটনাশকসহ প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করতে পারবেন। নাটোর-৪ আসনের আব্দুল আজিজের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী জানান, পাঁচ বছরে এক হাজার জনকে প্রশিক্ষণ দিয়ে ফ্রিল্যান্সার তৈরি করা হবে। টাঙ্গাইল-৬ আসনের রবিউল আওয়ালের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, পতিত জমি আবাদের আওতায় আনা এবং জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য ক্রপ জোনিং পদ্ধতি চালু হয়েছে। এর মাধ্যমে নির্দিষ্ট অঞ্চলের মাটি, আবহাওয়া ও পরিবেশের উপযোগী ফসল নির্ধারণ করা হয়। একই সঙ্গে পতিত জমি চিহ্নিত করে তা আবাদের আওতায় আনার জন্য বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## সব মডেল মসজিদের বিদ্যুৎ বিল সরকার পরিশোধ করবে: সংসদে ধর্মমন্ত্রী

দেশের সব মডেল মসজিদের বিদ্যুৎ বিল সরকার পরিশোধ করবে বলে জানিয়েছে ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদ। বুধবার (২২ এপ্রিল) জাতীয় সংসদে বিরোধীদলীয় এমপি শেখ মনজুরুল হক রাহাদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রমের সভাপতিত্বে অধিবেশন শুরু হয়। ধর্মমন্ত্রী বলেন, প্রতিটি মডেল মসজিদের বিদ্যুৎ বিল সরকারিভাবে পরিশোধের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। এজন্য প্রতিটি মসজিদের অনুকূলে ১০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ বিল সরকার থেকে পরিশোধ করা হচ্ছে। অতিরিক্ত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য মসজিদ কমিটির উদ্যোগে দান-অনুদান গ্রহণপূর্বক পরিশোধ করা হয়ে থাকে। বিএনপির সংসদ সদস্য রফিকুল ইসলাম হিলালীর প্রশ্নের জবাবে ধর্মমন্ত্রী বলেন, প্রাথমিক হিসাব মতে, দেশের ৪ হাজার ৫৭৮টি ইউনিয়ন ও ৩৩০টি পৌরসভার ৪ হাজার ৯০৮টি মসজিদের প্রায় ১৪ হাজার ৭২৪ জন ইমাম, মুয়াজ্জিন ও খাদেমকে মাসিক ভাতা দেওয়া হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে 'গুপ্ত রাজনীতি' চলতে দেওয়া হবে না: নাছির

চট্টগ্রামসহ দেশের কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে 'গুপ্ত রাজনীতি' চলতে দেওয়া হবে না বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির। বুধবার (২২ এপ্রিল) বিকেলে নগরীর নিউমার্কেট মোড়ে চট্টগ্রাম সিটি কলেজে ছাত্রদলের নেতাকর্মীদের ওপর হামলার প্রতিবাদে মহানগর ছাত্রদল আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মিছিলটি পুরোনো রেলস্টেশন মাঠ থেকে শুরু হয়ে নগরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে নিউমার্কেট মোড়ে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে নাছির উদ্দীন নাছির বলেন, চট্টগ্রামসহ দেশের কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে গুপ্ত রাজনীতি চলতে দেওয়া হবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## ঢাকার এক কেন্দ্রে ভুল প্রশ্নে এসএসসি পরীক্ষা গ্রহণ, সচিবকে অব্যাহতি

রাজধানীর বাড্ডার একরামুন্নেসা বালক উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এসএসসি বাংলা প্রথম পত্রের পরীক্ষায় ভুল সেট কোডের প্রশ্নপত্র বিতরণের ঘটনা ঘটেছে। নির্ধারিত '১ নম্বর সেট'-এর পরিবর্তে '৩ নম্বর সেট'-এ পরীক্ষা নেওয়ায় কেন্দ্র সচিবকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। তবে শিক্ষার্থীদের কোনো ক্ষতি হবে না বলে জানিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। বোর্ড বলছে, যে সেটে পরীক্ষা হয়েছে, সে অনুযায়ী খাতা আলাদাভাবে মূল্যায়ন করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## স্বাধীন সুপ্রিম কোর্ট সচিবালয় পুনর্বহাল চেয়ে হাইকোর্টে রিট

সুপ্রিম কোর্ট সচিবালয় (রহিতকরণ) আইন, ২০২৬ চ্যালেঞ্জ ও হাইকোর্টের আদেশে স্বাধীন সুপ্রিম কোর্ট সচিবালয় পুনর্বহাল চেয়ে হাইকোর্টে রিট করা হয়েছে। বুধবার (২২ এপ্রিল) সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান মামুন জনস্বার্থে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এই রিট দায়ের করেন। রিটে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব, জাতীয় সংসদ সচিবালয়ের সচিব এবং সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেলকে বিবাদী করা হয়েছে। রিটে সুপ্রিম কোর্ট সচিবালয় (রহিতকরণ) আইন, ২০২৬ কেন বেআইনি, ক্ষমতা বহির্ভূত ও বাতিল ঘোষণা করা হবে না, সেই মর্মে রুল জারির আবেদন জানানো হয়েছে। একই সঙ্গে, বিচার বিভাগের স্বাধীনতা সুরক্ষায় সংবিধানের অভিভাবক হিসেবে হাইকোর্টের কাছে অন্তর্বর্তীকালীন নির্দেশনা চাওয়া হয়েছে যেন, যতদিন পর্যন্ত

জাতীয় সংসদ 'সুপ্রিম কোর্ট সচিবালয়' সংক্রান্ত অনুরূপ কোনো নতুন আইন পাস না করে এবং রাষ্ট্রপতি তাতে সম্মতি প্রদান না করেন; ততদিন পর্যন্ত রহিতকৃত 'সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫' এবং 'সুপ্রিম কোর্ট সচিবালয় (সংশোধন) অধ্যাদেশ, ২০২৬'-এর বিধানাবলী বিচারিক আদেশের মাধ্যমে অবিলম্বে পুনর্বহাল ও কার্যকর থাকে। রিটে বলা হয়, জাতীয় সংসদের আইন প্রণয়ন বা বাতিলের ক্ষমতা থাকলেও, তা সংবিধানের ৭ অনুচ্ছেদের অধীন। রাষ্ট্রের মৌলিক কাঠামো ধ্বংস করার কোনো এখতিয়ার সংসদের নেই। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

### আদানির এক ইউনিট বন্ধ, দেশে গরমের সঙ্গে পাল্লা দিয়ে বেড়েছে লোডশেডিং

দেশে গরমের সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে বিদ্যুতের চাহিদা। তার সঙ্গে পাল্লা দিচ্ছে লোডশেডিং। তীব্র গরমে লোডশডিং বাড়ায় জনজীবন নাজেহাল। শহরের তুলনায় গ্রামে লোডশেডিং ভয়াবহ আকার ধারণ করেছে। লোডশেডিং বাড়ার কারণ হিসেবে জানা গেছে, ভারতীয় কোম্পানি আদানির বিদ্যুৎকেন্দ্রের একটি ইউনিট কারিগরি কারণে বন্ধ হয়ে গেছে। এতে ভারত থেকে বিদ্যুৎ সরবরাহ নেমে গেছে অর্ধেকে। এর ফলে লোডশেডিংয়ের মাত্রাও বেড়েছে। বুধবার (২২ এপ্রিল) রাতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সদস্য (উৎপাদন) জহুরুল ইসলাম জাগো নিউজকে এ তথ্য জানিয়েছেন। তিনি জানান, ভারতের কোম্পানি আদানির একটি ইউনিট কারিগরি ত্রুটির কারণে বন্ধ হয়ে গেছে। গতকাল (মঙ্গলবার) দিনগত রাত ১টার পর এটি বন্ধ হয়েছে। এ কারণে আমরা ভারত থেকে যে পরিমাণ বিদ্যুৎ পেতাম এখন তার অর্ধেক পাচ্ছি। পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসির তথ্য বলছে, গতকাল (২১ এপ্রিল) সন্ধ্যা-পিকে (রাত ৯টা) আদানি থেকে বিদ্যুৎ এসেছে ১ হাজার ৪৪৯ মেগাওয়াট। আজ (২২ এপ্রিল) ডে পিকে (দুপুর ১২টা) বিদ্যুৎ এসেছে ৭৫১ মেগাওয়াট। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

### চীনের প্রতিষ্ঠান দিয়ে দুই গ্যাসকূপ খননের পরিকল্পনা

দেশে গ্যাস উৎপাদন বাড়াতে গভীর শিলাস্তরে অনুসন্ধান জোরদারের অংশ হিসেবে দুটি অনুসন্ধান কূপ খননের পরিকল্পনা করা হচ্ছে। 'শ্রীকাইল ডিপ-১' ও 'মোবারকপুর ডিপ-১' নামের এই কূপ দুটি চীনের একটি প্রতিষ্ঠানের মাধ্যমে খনন করতে ব্যয় ধরা হচ্ছে প্রায় ৭১৪ কোটি টাকা। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সূত্রে জানা গেছে, '৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন' শীর্ষক প্রকল্পের আওতায় টার্ন-কি ভিত্তিতে এই দুটি কূপ খননের উদ্যোগ নেওয়া হয়েছে। আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে চীনের চায়না হুয়াডিয়ান ইঞ্জিনিয়ারিং কোম্পানি লিমিটেড (সিএইচইসি) নামের একটি প্রতিষ্ঠান দিয়ে এই কূপ দুটি খনন করার প্রাথমিক সিদ্ধান্ত নিয়েছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। এতে মোট ব্যয় ধরা হয়েছে ৭১৩ কোটি ৬৪ লাখ ৬৯ হাজার ৫১৯ টাকা। এ সংক্রান্ত একটি প্রস্তাব বৃহস্পতিবার (২৩ এপ্রিল) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হতে পারে। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিতব্য বৈঠকে প্রস্তাবটির অনুমোদন মিললে পরবর্তী কর্যক্রম সম্পন্ন করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

### অসত্য সাক্ষ্য দিইনি, আমার ক্যারিয়ার নষ্টের জন্য শেখ হাসিনাই দায়ী

র্যাবের টাস্কফোর্স ফর ইন্টারোগেশন (টিএফআই) সেলে গুম ও নির্যাতনের অভিযোগে দায় নিয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিপরীতমুখী অবস্থান তুলে ধরেছেন আসামিপক্ষ ও রাষ্ট্রপক্ষ। আসামিপক্ষের রাষ্ট্রীয় খরচে নিযুক্ত (স্টেট ডিফেন্স) আইনজীবী মো. আমির হোসেন দাবি করেন, এ ঘটনায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা দায়ী নন। তবে রাষ্ট্রপক্ষের সাক্ষী মাসরুর আনোয়ার চৌধুরী এ দাবি নাকচ করে আদালতে বলেন, গুম-নির্যাতন এবং আমার ক্যারিয়ার নষ্টের জন্য শেখ হাসিনাই দায়ী। বুধবার (২২ এপ্রিল) ট্রাইব্যুনাল-১ এর বিচারিক প্যানেলে তিনি এ দাবি করেন। এদিন রাষ্ট্রপক্ষে শুনানি করেন প্রসিকিউটর গাজী এমএইচ তামিম। সঙ্গে ছিলেন আবদুস সাত্তার পালোয়ান, শাইখ মাহদী ও তাসমিরুল ইসলাম উদয়সহ অন্যান্যরা। মানবতাবিরোধী অপরাধের মামলায় রাষ্ট্রপক্ষের তৃতীয় সাক্ষী হিসেবে গত ১৯ এপ্রিল জবানবন্দি দেন মাসরুর আনোয়ার। পরদিন ২০ এপ্রিল তার প্রথম দিনের জেরা সম্পন্ন হয়। এর ধারাবাহিকতায় দ্বিতীয় দিনের মতো আজও তাকে জেরা করেন আসামিপক্ষের আইনজীবীরা। এদিন পলাতক সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে জেরা করেন আইনজীবী আমির হোসেন। তিনি দাবি করেন, গুম-নির্যাতন বা মাসরুরের ক্যারিয়ার নষ্টের জন্য শেখ হাসিনা দায়ী নন; বরং সাক্ষী নিজেই দায়ী এবং রাজনৈতিক মতভেদের কারণে অসত্য সাক্ষ্য দিয়েছেন। জবাবে মাসরুর বলেন, তিনি কোনো মিথ্যা বলেননি এবং সব কিছুর জন্য শেখ হাসিনাই দায়ী।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৪.২০২৬ রিহাব)

## রেডিও টুডে

### আজ থেকে সংরক্ষিত নারী আসনের মনোনয়নপত্র বাছাই শুরু

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে নির্বাচনের জন্য জমা দেওয়া মনোনয়নপত্র বাছাই প্রক্রিয়া আজ বুধবার থেকে শুরু হয়েছে। নির্বাচন কমিশনের পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী আজ বুধবার ও বৃহস্পতিবার দুই দিনব্যাপী চলবে এই বাছাই কার্যক্রম। মঙ্গলবার নির্বাচন কমিশনের সচিবালয়ের যুগ্ম সচিব ও সংরক্ষিত নারী আসন নির্বাচন-২০২৬ এর রিটার্নিং কর্মকর্তা মো. মঈন উদ্দীন খান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তির সময়সূচি অনুযায়ী, আজ ২২ এপ্রিল দুপুর ২টা থেকে এবং পরদিন ২৩ এপ্রিল সকাল ১০টা থেকে প্রার্থীদের

মনোনয়নপত্র যাচাই-বাছাই করা হবে। রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন ভবন অডিটোরিয়ামে এই বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। ইসির পক্ষ থেকে আরও জানানো হয়েছে, সুষ্ঠু ও স্বচ্ছভাবে এই প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে মনোনয়নপত্র বাছাইকালে প্রার্থী নিজে এবং তাদের প্রস্তাবক ও সমর্থকগণ উপস্থিত থাকতে পারবেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৪.২০২৬ আসাদ)

## বাসের নতুন ভাড়া নির্ধারণ বৃহস্পতিবার

বাস-ট্রাকসহ পরিবহনের নতুন ভাড়া নির্ধারণ নিয়ে বৃহস্পতিবার সিদ্ধান্ত হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। বুধবার সচিবালয়ে জ্বালানি তেলের দাম বাড়ার কারণে নতুন বাস ভাড়া নির্ধারণ সংক্রান্ত বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান। মন্ত্রী বলেন, সভায় পরিবহনের নতুন ভাড়া নির্ধারণ হয়নি। বাস-ট্রাকসহ পরিবহনের নতুন ভাড়া নির্ধারণ নিয়ে বৃহস্পতিবার সিদ্ধান্ত হবে। এদিকে, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি বলছে, পরিবহন খাত বর্তমানে ক্রমবর্ধমান আর্থিক চাপের মুখে রয়েছে। সম্প্রতি ডিজেলে লিটার প্রতি ১৫ টাকা বৃদ্ধি এবং ডলারের দাম বেড়ে যাওয়ায় আমদানিকৃত খুচরা যন্ত্রাংশ ও সামগ্রিক যানবাহন রক্ষণাবেক্ষণ খরচ অনেক বেড়ে গেছে। এ অবস্থায় পরিবহন খাতের স্থিতিশীলতা বজায় রাখতে জ্বালানির দাম ও রক্ষণাবেক্ষণ খরচের সঙ্গে সামঞ্জস্য রেখে দ্রুত ও যৌক্তিকভাবে ভাড়া পুনর্নির্ধারণ করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন পরিবহন নেতারা। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৪.২০২৬ আসাদ)

## পাচারকৃত সম্পদ পুনরুদ্ধার কার্যক্রমকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে সরকার: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বর্তমান সরকার দুর্নীতি, মানি লন্ডারিং এবং আর্থিক অপরাধ দমনে বৃহত্তর কৌশলের গুরত্বপূর্ণ অংশ হিসেবে বিদেশে পাচারকৃত সম্পদ পুনরুদ্ধার কার্যক্রমকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। ফ্যাসিস্ট সরকারের আমলে অর্থ পাচারের গন্তব্য দেশসমূহের মধ্যে প্রাথমিকভাবে ১০টি দেশ চিহ্নিত করে তাদের সাথে চুক্তি স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন আছে বলেও জানিয়েছেন প্রধানমন্ত্রী। আজ বুধবার বিকালে জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে মুন্সিগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য মো. কামরুজ্জামানের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এই তথ্য জানান। তিনি বলেন, 'অন্তর্বর্তীকালীন সরকার কর্তৃক গঠিত শ্বেতপত্র প্রণয়ন কমিটির তথ্য মতে, ২০০৯ থেকে ২০২৩ সালের মধ্যে বাংলাদেশ থেকে অবৈধ অর্থ প্রবাহের পরিমাণ আনুমানিক ২৩৪ বিলিয়ন মার্কিন ডলার, যা বছরে গড়ে ১৬ বিলিয়ন মার্কিন ডলার (প্রায় ১.৮ লাখ কোটি টাকা)। পাচারকৃত এ অর্থ একাধিক দেশে স্থানান্তরিত হওয়ার অভিযোগ থাকায় তা উদ্ধারে সংশ্লিষ্ট দেশগুলোর সঙ্গে তথ্য বিনিময়, সম্পদ শনাক্তকরণ এবং পারস্পরিক আইনগত সহায়তা জোরদার করা হচ্ছে।' তিনি বলেন, এ লক্ষ্যে '' [Mutual Legal Assistance Treaty (MLAT)] সম্পাদন এবং Mutual Legal Assistance Request (MLAR) বিনিময় প্রক্রিয়ার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও সংস্থার সাথে নিবিড়ভাবে কাজ করছে। অর্থ পাচারের গন্তব্য দেশসমূহের মধ্যে প্রাথমিকভাবে চিহ্নিত ১০টি দেশের মধ্যে তিন দেশ (মালয়েশিয়া, হংকং ও সংযুক্ত আরব আমিরাত) চুক্তি স্বাক্ষরেরর বিষয়ে সম্মতি প্রদান করেছে। অপর ৭টি দেশের সাথে চুক্তি স্বাক্ষরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।' প্রধানমন্ত্রী তার লিখিত বক্তব্যে বলেন, 'ইতিমধ্যে বাংলাদেশ ব্যাংক গভর্নরের সভাপতিত্বে একটি আন্তঃসংস্থা টাস্কফোর্স গঠ করা হয়েছে। এই টাস্ক ফোর্স কর্তৃক চিহ্নিত অগ্রাধিকারপ্রাপ্ত কেইসসমূহের অনুসন্ধান ও তদন্তের জন্য দুর্নীতি দমন কমিশনের নেতৃত্বে এবং বাংলাদেশ পুলিশের সিআইডি, জাতীয় রাজস্ব বোর্ডের সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের সমন্বয়ে ১১টি যৌথ অনুসন্ধান ও তদন্ত দল গঠন করা হয়েছে। এই তদন্ত দল গঠনের পর অগ্রাধিকারপ্রাপ্ত মামলাগুলোর অগ্রগতিও সংসদে তুলে ধরেন প্রধানমন্ত্রী।'

(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৪.২০২৬ আসাদ)

## ৫ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে সরকার: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান বলেছেন, 'নির্বাচনী ইশতেহারে ঘোষিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে সরকারের প্রথম ১৮০ দিন, ২০২৬-২৭ অর্থবছর এবং আগামী ৫ বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং তা বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগও গ্রহণ করা হয়েছে।' আজ বুধবার বিকেলে জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর সঙ্গে প্রশ্নোত্তর পর্বে কুমিল্লা-৯ আসনের সংসদ সদস্য মো. আবুল কালামের এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, 'উন্নত, সমৃদ্ধ ও মর্যাদাশীল বাংলাদেশ গঠনের লক্ষ্যে বিএনপির নির্বাচনী ইশতেহারে গণতন্ত্র, সুশাসন, অর্থনৈতিক উন্নয়ন ও মানবিক মূল্যবোধের সমন্বিত বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়েছে। এতে অবাধ ও সুষ্ঠু নির্বাচন, প্রশাসনিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পাশাপাশি আইনের শাসন, মানবাধিকার ও মতপ্রকাশের স্বাধীনতা প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। দুর্নীতি দমন, বিনিয়োগ ও শিল্পায়ন বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি এবং মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।' তিনি আরো বলেন, 'একই সঙ্গে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও সামাজিক সুরক্ষা খাতে উন্নয়ন জোরদার করে অন্তর্ভুক্তিমূলক ও বৈষম্যহীন সমাজ গঠনের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। এছাড়াও সবার আগে বাংলাদেশ পররাষ্ট্রনীতির এই মূল দর্শনকে বিবেচনায় নিয়ে প্রতিটি ক্ষেত্রে বাংলাদেশের

স্বাধীনতা, সার্বভৌমত্ব, জাতীয় স্বার্থ, জাতীয় নিরাপত্তা এবং জনগণের কল্যাণ সর্বাগ্রে প্রাধান্য দেওয়ার লক্ষ্যে কার্যক্রম শুরু হয়েছে।

সমতা, ন্যায্যতা ও পারস্পরিক সম্মানের ভিত্তিতে বাংলাদেশকে একটি আত্মমর্যাদাশীল রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার কাজ করছে।' একটি উন্নত, সমৃদ্ধ ও মর্যাদাশীল বাংলাদেশ গড়ে তুলতে বর্তমান সরকার ইতোমধ্যে উল্লেখযোগ্য উদ্যোগ গ্রহণ করেছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, 'এর মধ্যে অন্যতম হলো— ৫ বছরে ২০ হাজার কিলোমিটার খাল ও নদী খনন এবং পুনঃখননের কার্যক্রম, প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারের জন্য ফ্যামিলি কার্ড প্রদান, কৃষির উন্নয়নে কৃষকদের জন্য কৃষক কার্ড, মসজিদ, মন্দির, বৌদ্ধ বিহার, প্যাগোডা ও গির্জায় কর্মরত ব্যক্তিবর্গের জন্য সম্মানি ও উৎসব ভাতা, ক্রীড়াবিদদের জন্য ক্রীড়া কার্ড ও ভাতা প্রদান, ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি, ১০ হাজার টাকা পর্যন্ত কৃষি ঋণ সুদসহ মওকুফ ইত্যাদি।' প্রধানমন্ত্রী বলেন, 'এ ছাড়াও সারাদেশে শহর ও গ্রামাঞ্চলে খেলার মাঠ নির্ধারণ ও অবকাঠামো উন্নয়ন, ই-হেলথ কার্ড-এর মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান, ৫ লাখ সরকারি কর্মচারী নিয়োগ এবং এ অর্থবছরে প্রাথমিক বিদ্যালয়ের ২ লাখ শিশুর মাঝে বিনামূল্যে স্কুল ড্রেস বিতরণসহ অন্যান্য উদ্যোগ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে।' স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে বিকাল ৩টায় সংসদের অধিবেশন শুরু হয়। অধিবেশনের প্রথম কর্মসূচি ছিল প্রথম ৩০ মিনিট প্রধানমন্ত্রীর সঙ্গে প্রশ্নোত্তর পর্ব। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৪.২০২৬ আসাদ)

## কৃষি উন্নয়নে সরকার ৭ দফা পরিকল্পনা গ্রহণ করেছে: প্রধানমন্ত্রী

কৃষি উন্নয়নে বর্তমান সরকার সময়োপযোগী ৭ দফা পরিকল্পনা গ্রহণ করেছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার বিকেলে জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তরের সময় টাঙ্গাইল-৬ আসনের সংসদ সদস্য রবিউল আলমের প্রশ্নের জবাবে তিনি এ ৭ দফা পরিকল্পনা তুলে ধরেন। সংসদে প্রধানমন্ত্রী বলেন, 'বাংলাদেশ একটি কৃষি নির্ভর দেশ। দেশের খাদ্য নিরাপত্তা, দারিদ্র্য বিমোচন এবং অর্থনৈতিক উন্নয়নে কৃষির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে আমরা যেটি সবাই দেখছি আমাদের চোখের সামনেই ঘটছে বিভিন্ন বিষয়। যেমন জলবায়ু পরিবর্তন, জনসংখ্যা বৃদ্ধি, জমির পরিমাণ হ্রাস এবং প্রযুক্তির সীমাবদ্ধতা।' 'এসব কারণে কৃষি খাত বিভিন্ন রকম চ্যালেঞ্জের সম্মুখীন। আমাদেরকে এসব চ্যালেঞ্জ মোকাবেলা করেই কৃষি উৎপাদন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে কৃষিকে টেকশই এবং লাভজনক খাতে রূপান্তর করার লক্ষ্যে সমগ্র দেশবাসী দেখেছেন আমরা এরই মধ্যে ১৪ এপ্রিল কৃষক কার্ডের কাজ শুরু করেছি, যার প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম নির্বাচনের পূর্বে। আমরা কৃষক কার্ড বিতরণ করেছি।'—যোগ করেন তিনি। তারেক রহমান বলেন, 'কৃষি কার্ডের মাধ্যমে ১০টি সেবা, যথা ন্যায্যমূল্যে কৃষি উপকরণ বিতরণ, সরকারি ভর্তুকি ও প্রণোদনা প্রদান, স্বল্পমূল্যে কৃষি যন্ত্রপাতি সরবরাহ, ন্যায্যমূল্যে সেচ সুবিধা, সহজ শর্তে কৃষি ঋণ, কৃষি বীমা সুবিধা, ন্যায্যমূল্যে কৃষি পণ্য বিক্রয়ের সুবিধা, কৃষি বিষয়ক প্রশিক্ষণ, ডিজিটাল প্ল্যাটফর্মে আবহাওয়া ও বাজার তথ্য প্রাপ্তিসহ ফসলের রোগ-বালাই দমনের পরামর্শ প্রদান ইত্যাদি কৃষকদের কাছে পৌঁছে দেয়া হবে। পর্যায়ক্রমে দেশের সব কৃষককে (প্রায় ২ কোটি ৭৫ লাখ) এ কার্ড প্রদান করা হবে।' স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে বিকেল ৩টায় সংসদের অধিবেশন শুরু হয়। অধিবেশনের প্রথম কর্মসূচি ছিলো প্রথম ৩০ মিনিট প্রধানমন্ত্রীর প্রশ্নোত্তর পর্ব। এসময় কৃষি উন্নয়নে সরকারের ৭ দফা পরিকল্পনা তুলে ধরেন প্রধানমন্ত্রী।

(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৪.২০২৬ আসাদ)

## শিগগিরই ১ লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ দেয়া হবে: স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যসেবার মান উন্নয়নে শিগগিরই নতুন করে ১ লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ দেয়া হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। বুধবার দুপুরে রাজধানীর শাহবাগে বাংলাদেশ-চীন জয়েন্ট সার্জিক্যাল ক্লিনিক চালুর লক্ষ্যে সমঝোতা স্মারক অনুষ্ঠান শেষে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে এ তথ্য জানান তিনি। তিনি বলেন, আমরা ১ লক্ষ স্বাস্থ্যকর্মী নতুনভাবে নিয়োগ করতে যাচ্ছি। প্রক্রিয়া চলছে, ইনশাআল্লাহ কিছুদিনের মধ্যে নিয়োগের প্রক্রিয়া শুরু হবে। এছাড়াও স্বাস্থ্যসেবার মান উন্নয়নের বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক হয়েছে। আমরা সব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ ৫০০ হাসপাতালে ১০ জন করে সশস্ত্র আনসার নিয়োগ করতে যাচ্ছি। চিকিৎসকদের নিরাপত্তার স্বার্থে কিছুদিনের মধ্যেই এই প্রক্রিয়া শুরু হবে। টিকার কোনো সংকট নেই জানিয়ে তিনি বলেন, দেশে টিকার কোনো সংকট নেই। আগামী ৬ মাস পর্যন্ত আমরা টিকা দিয়ে যেতে পারব। তারপরও মজুদের জন্য আমরা সংশ্লিষ্টদের সঙ্গে যোগাযোগ রাখছি। এছাড়া সারাদেশে প্রতিদিন আমরা টিকা দিয়ে যাচ্ছি। যেখানে আগে প্রতি ৪ বছর পরপর ক্যাম্পেইন করা হতো। যেটি ২০২০ সালের পর সরকার আর দেয়নি। কিন্তু আমরা সারাদেশে প্রতিদিন টিকাদান ক্যাম্পেইন চালিয়ে যাচ্ছি।(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৪.২০২৬ আসাদ)

## ডিজেলের খোলা ড্রামে পড়ে প্রাণ গেল ৩ বছরের আরাফের

গাইবান্ধার সাদুল্লাপুরে বাড়িতে সংরক্ষণ করে রাখা ডিজেলের খোলা ড্রামে পড়ে আরাফ মিয়া নামের এক শিশুর মৃত্যু হয়েছে। বুধবার সকালে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ঐ শিশু মারা যায়। নিহত শিশু আরাফ সাদুল্লাপুর উপজেলার ধাপেরহাট ইউনিয়নের পালানপাড়া গ্রামের ব্যবসায়ী বাবু মিয়ার ছেলে। ঘটনার সত্যতা

নিশ্চিত করেন ধাপেরহাট পুলিশ তদন্তকেন্দ্রের ইনচার্জ স্বপন কুমার সরকার। পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, বাবু মিয়ার মালিকাধীন একটি ট্রাকের ডিজেলের ট্যাংক ফুটো হয়ে গেলে তিনি সেই ডিজেল বাড়িতেই একটি কাটা ড্রামে সংরক্ষণ করে রাখেন। গতকাল মঙ্গলবার বিকেলে পরিবারের অজান্তে শিশু আরাফ ডিজেল রাখা সেই ড্রামে পড়ে যায়। পরে অসুস্থ অবস্থায় তাকে হাসপাতালে নেওয়া হয়। সেখানে অবস্থার অবনতি হলে তাকে আশঙ্কাজনক অবস্থায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় বুধবার ভোরে মারা যায়।
(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৪.২০২৬ আসাদ)

**সীমান্তে ধরে নিয়ে যাওয়া ছাত্রদের ৮ ঘণ্টা পর ফেরত দিল বিএসএফ**

পঞ্চগড়ের সদর উপজেলার মিস্ত্রিপাড়া সীমান্ত থেকে ধরে নিয়ে যাওয়ার ৮ ঘণ্টা পর বাংলাদেশি দুই স্কুলছাত্রকে ফেরত দিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ। বুধবার বিকেলে পতাকা বৈঠকের মাধ্যমে তাদের ফেরত পাঠানো হয়। এর আগে বুধবার সকালে ওই সীমান্তের কাঁটাতারের কাছে ছবি তুলতে গেলে তাদের ধরে নিয়ে যায় পার্শ্ববর্তী বিএসএফ ক্যাম্পের সদস্যরা। দুই কিশোর হলো জেলার আটোয়ারী উপজেলার শিবু চন্দ্র রায়ের ছেলে ইন্দ্রজিত রায় (১৪) এবং সমারু চন্দ্র রায়ের ছেলে উদয় চন্দ্র রায় (১৪)। তারা পঞ্চগড় সদর উপজেলার গড়িনাবাড়ি প্রধানপাড়া এলাকায় বোন রাধিকা রানীর বাড়িতে বেড়াতে গিয়েছিল। পঞ্চগড় ১৮ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে কর্নেল আব্দুল্লাহ মো. কায়েস বলেন, ঐ দুই স্কুল ছাত্রকে পতাকা বৈঠকের মাধ্যমে ফেরত আনা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৪.২০২৬ আসাদ)

# BBC

**EU APPROVES €90BN LOAN FOR UKRAINE AS PIPELINE IS TURNED ON ENDING DEADLOCK**

Ukraine says it has resumed pumping Russian oil through a pipeline into Hungary and Slovakia, bringing to an end months of deadlock over a €90bn (£78bn) loan seen as vital European Union support for Kyiv. Soon afterwards, EU ambassadors meeting in Brussels gave preliminary approval to the loan, as well as a 20th package of sanctions on Russia, officials said. EU leaders will sign it off at an informal summit in Cyprus on Thursday. Although the funding was agreed last December, Hungary's Viktor Orbán slapped a veto on the payment in February after Ukraine said damage caused by a Russian attack had brought supplies to a halt. Ukrainian oil and government sources told officials in Hungary and Slovakia that pumping had restarted, hours after the EU ambassadors began discussing the loan. Orbán had demanded the oil start flowing again before the loan could be paid out, and Ukraine confirmed the repairs had been completed on Tuesday.
(BBC Web page : 22.04.2026 Ali Ahmed)

**SOUTH KOREAN FIGHTER JETS COLLIDED DUE TO PILOTS TAKING PICTURES**

South Korean authorities have found that two fighter jets collided mid-air in 2021 because the pilots were taking pictures and videos. The incident took place while the jets were on a flight mission in the central city of Daegu, according to Seoul's Board of Audit and Inspection. The pilots survived with no injuries, but the collision damaged the planes, costing the military 880 million won ($596,000; £440,500) in repairs. One of the pilots, who has since left the military, was made to pay a fine of 88 million won. The incident took place because that pilot had wanted to take photos to commemorate his last flight with his military unit. Taking photos of significant flights was "a widespread practice among pilots at the time", the audit board said in a report published on Wednesday. The pilot had declared his intent to do so in a briefing before the flight, according to the report. He was flying the wingman aircraft and was following the lead aircraft during the mission. While flying back to their base, he started taking pictures using his personal mobile phone.
(BBC Web page : 22.04.2026 Ali Ahmed)

**IRAN SEIZED TWO SHIPS IN STRAIT OF HORMUZ AFTER VESSELS ATTACKED**

Iran's navy said it has seized two cargo ships in the Strait of Hormuz and taken them to the country's coast after reports that three vessels came under fire from Iranian forces. Nour News, a website affiliated with Iran's Supreme National Security Council, said the Islamic Revolutionary Guard Corps (IRGC) opened fire on the first ship, the Epaminodes, after it had "ignored the warnings of the Iranian armed forces". A second ship, named Euphoria, was then stopped after being "fired upon", followed by the targeting of a third vessel, the MSC-Francesca, according to BBC Verify. IRGC-affiliated outlet Fars News Agency said the Revolutionary Guard was behind the attacks. IRGC Naval Command posted on social media that the two seized ships - the Epaminodes and MSC-Francesca - had "endangered

maritime security by operating without the necessary permits and tampering with navigation systems". "Disruption of order and safety in the Strait of Hormuz is our red line," the statement read. The two seized vessels will have their cargo and documents examined, it added in an announcement reported by Iranian state television. The interceptions come hours after US President Donald Trump extended a two-week ceasefire with Iran until talks between the two nations come to a conclusion.(BBC Web page : 22.04.2026 Ali Ahmed)

**TRUMP BUYS TIME FOR IRAN DEAL AFTER FRANTIC DAY OF DIPLOMACY**

Tuesday began as a frantic day of diplomacy in Washington, with Air Force Two ready to fly Vice President JD Vance to Islamabad for another round of peace talks between the US and Iran. Several hours later, Air Force Two hadn't taken off and the negotiations were postponed. President Donald Trump announced that he would extend the ceasefire with Iran, set to expire on Wednesday evening, to allow the regime more time to create a "unified proposal" to end the war. In between, Trump weighed his options as the world waited to see if the countries were any closer to ending the war. Trump's decision marked the second time in as many weeks that he has backed off a threat to escalate the war, buying himself more time to wind down a conflict as it approaches the two-month mark. Vance never officially announced the Islamabad trip, leaving Washington guessing. And Iran never officially committed to attending the talks, leaving the White House in the difficult position of deciding whether or not to send Vance with no assurance that Tehran would even come to the table.
(BBC Web page : 22.04.2026 Ali Ahmed)

**STARMER SENDS 'CHILL' THROUGH CIVIL SERVICE, ITS UNION BOSS SAYS**

Sir Keir Starmer is being accused of sending a "real chill throughout the civil service" by a senior union official, after the PM's decision to sack the lead civil servant in the Foreign Office over the Lord Mandelson vetting fiasco. Sir Olly Robbins, who gave evidence to the Foreign Affairs Select Committee on Tuesday, was fired as the permanent under secretary at the Foreign Office last week. Dave Penman, head of the FDA trade union which represents senior civil servants, told BBC Newsnight: "I think the prime minister is losing the ability to work with the civil service. "Who in the civil service would now think they would be immune from when it is politically expedient to be dismissed?"
(BBC Web page : 22.04.2026 Ali Ahmed)

**THIRTEEN KILLED IN SECOND INDIA FIREWORKS BLAST IN THREE DAYS**

At least 13 people have been killed in an explosion at a firecracker factory in India's southern state of Kerala, officials say. The incident took place in Thrissur, where around 40 people were believed to be assembling firecrackers in a cluster of sheds for an upcoming festival. Several others were injured, with five reported to be in critical condition. This was the second such incident this week. On Sunday, a blast at a firecracker factory in neighbouring Tamil Nadu state left at least 25 dead. Accidental explosions are a grim routine in India's fireworks industry, recurring with troubling regularity - most visibly around Sivakasi in Tamil Nadu, which produces much of the country's supply. The explosion in Thrissur on Tuesday around 15:30 local time (10:00 GMT) triggered secondary blasts that slowed rescue efforts. Firecrackers were being made in temporary sheds near paddy fields with poor road access, hampering emergency response. The force of the blast was felt kilometres away - some residents mistook it for an earthquake - and nearby homes were damaged. Eyewitnesses described chaotic scenes as locals joined rescue efforts, pulling out the injured and dead. Kerala's Revenue Minister K Rajan told the BBC that all fireworks units preparing for the upcoming Thrissur Pooram - a major annual Hindu temple festival - had permission to manufacture and store fireworks in designated areas.
(BBC Web page : 22.04.2026 Ali Ahmed)

**:: The End ::**